মুসলিম বিশ্বের উলামা মাশায়েখ সমর্থিত, বেফাকুল মাদারিস সহ সকল
কওমী মাদ্রাসার পাঠ্য তালিকাভুক্ত মূল ফার্সী কিতাবের সরল অনুবাদ

সহজ ইলমুছ্ ছীগাহ্

সংশোধিত নতুন সংস্করণ

মূল

মুফ্তী এনায়েত আহমাদ রহ.

অনুবাদ

মাওলানা মুহাম্মদ আবুল কালাম আযাদ

সম্পাদনায়

হাফেয মাওলানা মুহাম্মদ হাবীবুর রহমান

শায়খুল হাদীস

মাদরাসা দারুর রাশাদ, মিরপুর, পল্লবী, ঢাকা।

আল-কাউসার প্রকাশনী

ইসলামী টাওয়ার
১১, বাংলাবাজার
ফোন- ৭১৬৫৪৭৭

পাঠক বন্ধু মার্কেট
৫০, বাংলাবাজার ঢাকা
মোবা. ০১৭১৬ ৮৫৭৭২৮

প্রকাশক
মুহাম্মদ ব্রাদার্স
বাসা নং -২১৭, ব্লক -ত, পল্লবী,
মিরপুর -১২ ঢাকা। ফোন ঃ ৭১৬৫৪৭৭

সর্বস্বত্ব সংরক্ষিত

সংশোধিত নতুন সংস্করণ
অক্টোবর -২০০৭ ঈ.

মূল্য
পঁচাত্তর টাকা মাত্র

অঙ্গসজ্জা
আল-কাউসার কম্পিউটারস

মুদ্রণঃ
বনফুল প্রিন্টিং প্রেস
বাংলাবাজার, ঢাকা

পূর্ব কথা

نَحْمَدُهٗ وَنُصَلِّى عَلٰى رَسُوْلِهِ الْكَرِيْمِ اَمَّا بَعْدُ!

এ কথা সর্বজন স্বীকৃত যে, নাহু ছরফের জ্ঞানার্জন ছাড়া কুরআন হাদীসের সঠিক জ্ঞান লাভ করা কিছুতেই সম্ভব নয়। এর মধ্যেও ইলমে ছরফ হল আরবী ব্যাকরণের মূল ভিত্তি স্বরূপ এজন্য পূর্বেকার আলেমগণ ইলমুছ ছরফের উপর বহু কিতাব লিখে গিয়েছেন। তবে ইলমুছ ছরফের উপর লিখিত কিতাবাদির মধ্যে দুটি কিতাব সবিশেষ উল্লেখযোগ্য (১) ছরফে মীর (২) ইলমুছ ছীগাহ। প্রথম কিতাবটি লিখেছেন খুরাছানের বিশিষ্ট বুযুর্গ, প্রসিদ্ধ আরবী ব্যাকরণবিদ আল্লামা মীর সাইয়্যেদ শরীফ রহ. এবং ইলমুছ ছীগাহ লিখেছেন ভারতের প্রসিদ্ধ বুযুর্গ ও মর্দে মুজাহিদ মুফতী এনায়েত আহমদ রহ.। কিতাবটি উপমহাদেশের প্রায় সব কয়টি মাদ্রাসাতেই পাঠ্যসূচীর অন্তর্ভুক্ত। আর যখন কিতাবটি লেখা হয়েছিল তখন ভারতের সরকারী ও ইলমী ভাষা ছিল ফার্সী। এজন্য লেখক এ কিতাবটি লিখেছিলেন ফার্সী ভাষায়। সময়ের পরিবর্তনের ফলে ফার্সী কিতাব থেকে ছাত্র/ছাত্রীরা পুরোপুরি উপকৃত হতে না পারায় মাতৃভাষা বাংলায় আমরা কিতাবটির তরজমা প্রকাশ করার উদ্যোগ গ্রহণ করি এবং একাজ আঞ্জাম দেয়ার জন্য দায়িত্ব দেই স্নেহাস্পদ মাও. আবুল কালাম আযাদকে। তিনি অনুবাদের কাজটি শেষ করার পর অনুদিত অংশটুকু আমি বার বার মুতা'আলা করি এবং প্রয়োজন মত কিছু কিছু পরিবর্তন ও পরিবর্ধন করি। আমার জানামতে বাংলা ভাষায় কিতাবটির এ যাবত কোন অনুবাদ প্রকাশিত হয়নি। তাই আমরা আশা করি কিতাবটি দ্বারা ছাত্র/ছাত্রীরা যথেষ্ট ফায়দা হাছিল করতে পারবেন ইন্‌শাআল্লাহ।

সহজ ইলমুছ ছীগাহর কয়েকটি বৈশিষ্ট্য

- মূল কিতাবের সাথে সামঞ্জস্যপূর্ণ সহজ ও সরল অনুবাদ
- মূল কিতাবে উল্লেখিত পরিভাষা সমূহকে ঠিক রাখার চেষ্টা।
- মূল কিতাবে উল্লেখিত জরুরী বিষয়াদির টীকা সংযোজন
- কিতাবের বিষয়সমূহের সূচীপত্র প্রদান

কিতাবটির অনুবাদ ও সম্পাদনা যথাসম্ভব সতর্কতার সাথে করা হয়েছে, তবুও মানুষ হিসেবে ভুল-ত্রুটি থাকা স্বাভাবিক। তাই কারো নজরে কোন ভুল-ত্রুটি ধরা পড়লে জানালে খুশি হব এবং পরবর্তীতে সুধরিয়ে নিব, ইন্‌শাআল্লাহ।

আল্লাহ তাআলা কিতাবটিকে কবুল করুন। আমীন।

আরয গুযার

মুহাম্মদ হাবীবুর রহমান

শবে বরাত-১৪১৮ হিজরী
মাদরাসা দারুর রাশাদ
মীরপুর, ঢাকা।

কিতাবের বিষয় পরিচিতি

ইলমুছ ছরফ

✪ تَعْرِيْف সংজ্ঞা ঃ صرف শব্দের আভিধানিক অর্থ ঘুরানো, ফিরানো, রূপান্তর করা, ব্যয় করা ইত্যাদি।

পরিভাষায় ইলমুছ ছরফ বলা হয়ঃ

عِلْمٌ يُبْحَثُ فِيْهِ عَنْ صِيَغِ الْكَلِمَاتِ الْعَرَبِيَّةِ وَاَحْوَالِهَا مِنْ حَيْثُ الْوَزْنِ

অর্থাৎ যে ইলমের মধ্যে আরবী কালিমাসমূহ গঠন ও রূপান্তর নিয়ে আলোচনা করা হয় তাকে ইলমুছ ছরফ বলে।

✪ غَرَض উদ্দেশ্য ঃ আরবী শব্দসমূহকে সহীহ শুদ্ধরূপে লিখতে পড়তে ও বলতে সক্ষম হওয়াই হল ইলমুছ ছরফের উদ্দেশ্য।

✪ مَوْضُوْع আলোচ্য বিষয় ঃ আরবী শব্দাবলীই হল ইলমুচ্ছরফ এর আলোচ্য বিষয়।

ইলমুছ ছরফ এর পাঠ্য কিতাব ঃ

✪ ফুছুলে আকবরী ✪ ইলমুছ ছীগাহ ✪ ইলমুছ ছরফ ✪ পাঞ্জেগঞ্জ ✪ মীযান * মুনশাইব।

কিতাবের লিখক পরিচিতি

জন্ম ও বংশ

ইলমুছ ছীগাহর সম্মানিত লেখক মুফতী এনায়েত আহমদ রহ. ১৮১২ খ্রিষ্টাব্দ মুতাবেক ১২২৮ হিজরীর ৯ই শাওয়াল ভারতের বারাবাঙ্কী জিলার দেও নামক গ্রামে জন্ম লাভ করেন। তাঁর শ্রদ্ধেয় পিতার নাম মুন্শী মুহাম্মদ বখ্শ। দাদার নাম মুন্শী গোলাম মুহাম্মদ। তাঁর দাদার শ্বশুরালয় ছিল কাকুরীতে। পিতা মুন্শী মুহাম্মদ বখ্শ এবং চাচা শায়েখ আব্দুল হাসীব মাতুলালয়ের সম্পর্কের ভিত্তিতে কাকুরীতে বসবাস করতে থাকেন। এরপর তাঁদের সমস্ত নিকটতম আত্মীয়-স্বজনও কাকুরীতে এসে বসবাস শুরু করেন। এ জন্য তাঁদেরকে কাকুরাবীও বলা হয়ে থাকে। এখনও তাঁদের বংশধরগণ সেখানে আছেন।

শিক্ষাজীবন

তিনি শিক্ষার প্রাথমিক পর্ব শৈশবে কাকুরীতেই সমাপ্ত করেন।এরপর তের বছর বয়সে জ্ঞানের পরিধি আরো বিস্তৃত করার জন্যে তিনি রামপুরে আসেন। এখানে এসে তিনি সাইয়েদ আহমদ বেরলবী রহ-এর কাছে নাহু, ছরফ তথা আরবী ব্যাকরণের উপর পড়াশোনা করেন। এখানকার শিক্ষা শেষ করে তিনি দিল্লীতে শাহ্ মুহাম্মদ ইসহাক্ব মুহাদ্দিসে দেহলভী রহ- এর কাছে ধারাবাহিকভাবে হাদীস পড়াশোনা শুরু করেন এবং তাঁর কাছ থেকেই হাদীসের সনদ লাভ করেন। এখান থেকে তিনি আলীগড় যান। সেখানে মাওলানা বুযুর্গ আল মারহাবী রহ. - এর কাছে তাফসীর ও যুক্তি বিদ্যায় বিশেষ ব্যুৎপত্তি লাভ করেন। তাঁর কাছে তিনি প্রাচীন পদার্থ বিদ্যা এবং চিকিৎসা বিজ্ঞানেও বুৎপত্তি অর্জন করেন।

কর্ম জীবন

মাওলানা বুযুর্গ আলী মারহাবী রহ. ছিলেন শাহ আব্দুল আযীয দেহলভী রহ. ও শাহ রফীউদ্দীন দেহলভী রহ.-এর ছাত্র। তিনি আলীগড়ের জামে মসজিদ-মাদ্রাসায় দ্বীনী খেদমতে নিয়োজিত ছিলেন। ১২৬২ হিজরীতে তাঁর ইন্তেকালের পর মুফতী এনায়েত আহমদ ফারেগ হয়ে এখানেই মুদাররিস নিযুক্ত হন এবং এক বছর পর মুফতী পদে উন্নীত হন। ফতোয়া বিভাগে কাজ করার পাশাপাশি তিনি ফারায়েজের শিক্ষাদানেও নিজেকে ব্যস্ত রাখেন। এরপর তিনি বিচারক পদে উন্নীত হন। আদালতের এজলাসেও তিনি শিক্ষাদানে তৎপর থাকতেন। দু'বছর পর বেরলীতে স্থানান্তরিত হয়ে ছদরুল আমীন মর্যাদায় উন্নীত হন। বেরলীতে এসেও তিনি শিক্ষাদান অব্যাহত রাখেন। এর পাশাপাশি লেখালেখিও চালিয়ে যান।

এর চার বছর পর প্রধান বিচারপতি পদে নিযুক্ত করে তাকে আগ্রায় স্থানান্তরিত করা হয়। ইত্যবসরে ঐতিহাসিক ১৮৫৭ সালের (১২৭২ হিঃ) আযাদী আন্দোলন ও সিপাহী বিপ্লব শুরু হয়ে গেলে তিনি আগ্রায় রওয়ানা দিতে পারেন নি। ১৮৫৭ সালের ভারতীয় স্বাধীনতা আন্দোলনে মুফতী এনায়েত আহমদ সাহেবকেও নেতৃত্ব দেবার অভিযোগে গ্রেফতার করা হলো। অন্যান্যদের মতো তাঁকে ও পাঠানো হলো আন্দামান দ্বীপপুঞ্জে। সুদীর্ঘ চার বছর বন্দী জীবন কাটিয়ে ১৮৬১

খ্রিষ্টাব্দে (১২৭৭ হি.) তিনি মুক্তি পান। অতঃপর মুফতী সাহেব কানপুরে স্থায়ীভাবে বসবাস শুরু করেন। এখানে ফয়যে আম' নামে এক মাদ্রাসা প্রতিষ্ঠা করেন যা কানপুরের প্রসিদ্ধ দ্বীনী শিক্ষা প্রতিষ্ঠান। তিনি এত ব্যস্ততা ও কষ্টের মধ্যেও বেশ কিছু অমূল্য গ্রন্থ রচনা করেছেন। তাঁর রচিত গ্রন্থাবলীর মধ্যেঃ ✪ ইলমুল ফারায়েয ✪ খোলাছাতুল হিসাব ও তাসদীকুল মাসীহ বিশেষভাবে উল্লেখযোগ্য।

শাহাদাত বরণ

আন্দামান থেকে মুক্তি পাবার দু'বছর পর তিনি মাদ্রাসায়ে ফয়যে আমে মৌলভী সাইয়্যেদ হুসাইন শাহ্ বুখারী রহ.-কে মুদাররিসে আউয়াল এবং মৌলভী লুতফুল্লাহ সাহেব রহ.-কে মুদাররিসে ছানী নিযুক্ত করে পানির জাহাজে করে হজ্জে রওয়ানা হন। তিনি ছিলেন আমীরুল হুজ্জাজ। জেদ্দার কাছাকাছি পৌছে জাহাজটি এক পাহাড়ে ধাক্কা লেগে ডুবে যায়। মুফতী সাহেব তখন ইহরাম অবস্থায় নামাযরত ছিলেন এবং এ অবস্থাতেই তিনি ১২৭৯ হিজরীর ৭ ই শাওয়াল শাহাদাত বরণ করেন।

ইলমুছ ছীগাহ ঃ

এ কিতাবখানি মুফতী সাহেবের অন্যতম রচনা । কিতাবখানি রচনা করা হয়েছে এক বৈরী পরিবেশে। মুফতী সাহেব এ কিতাব লেখার শুরুতেই লিখেছেন-' এ কিতাব বন্ধুবর হাফেয উযীর আলী সাহেবের অনুরোধে আন্দামান দ্বীপে লেখা হয়। এ কিতাব লেখার সময় এ বিষয়ের কোন কিতাব আমার কাছে ছিল না। অধম এ কিতাবখানি এমনভাবে লিখেছে যে, মীযান-মুনশাইব, পাঞ্জেগাঞ্জ, যুবদাহ ও ছরফেমীরের স্থলাভিষিক্ত হয়ে যায়।' এ কিতাবখানি রচনার সময় লেখকের কাছে কোন প্রকার সহায়কগ্রন্থ ছিলো না। তিনি তাঁর অসাধারণ স্মৃতিশক্তি দ্বারা এ মূল্যবান গ্রন্থ রচনা করেছেন। পরে দেশে ফিরে এসে দেখেন যে, অক্ষরে অক্ষরে তা সঠিক হয়েছে। কোথাও কোন প্রকার ভুল হয়নি। মুফতী মুহাম্মদ শফী সাহেব রহ. এর মতে দ্বীনি মাদরাসাসমূহে যতগুলো ছরফের কিতাব পড়ানো হয় তন্মধ্যে ইলমুছ ছীগাহ প্রকৃত অর্থেই পরিপূর্ণ।

সূচীপত্র

মুকাদ্দামাহ ঃ কালিমার প্রকারভেদ ঃ---------------------------- ১৪

فعل، اسم ও حرف এর সংজ্ঞা---------------------------------- ১৪

فعل এর প্রকারভেদ-- ১৫

অর্থ ও কালের দিক দিয়ে فعل এর প্রকারভেদ------------------ ১৫

حروف اصليه এর হিসেবে فعل এর প্রকারভেদ------------------ ১৫

اقسام حروف হিসেবে فعل এর প্রকারভেদ---------------------- ১৬

مهموز এর প্রকারভেদ-- ১৬

معتل এর প্রকারভেদ -- ১৬

لفيف এর প্রকারভেদ--- ১৬

مضاعف এর প্রকারভেদ-------------------------------------- ১৬

اسم এর প্রকারভেদ --- ১৭

مصدر - مشتق ও جامد এর বর্ণনা ------------------------- ১৭

প্রথম অধ্যায়

ছীগাহ সমূহের বর্ণনা

প্রথম পরিচ্ছেদ ঃ **فعل** এর রূপান্তর --------------------------------- ১৮

معروف فعل ماضی اثبات এর গঠন প্রণালী ও گردان --------- ১৮

مجهول فعل ماضی اثبات এর গঠন প্রণালী ও گردان ----------১৯

مجهول /نفی فعل ماضی معروف এর গঠন প্রণালী ও گردان -- ১৯

مضارع - এর ছীগাহ এগারটি ঃ ------------------------------- ১৯

معروف فعل مضارع اثبات এর গঠন প্রণালী ও گردان --------- ১৯

مجهول مضارع اثبات এর গঠন প্রণালী ও گردان --------------- ২০

معروف مضارع نفی এর গঠন প্রণালী ও گردان --------------- ২০

مجهول مضارع نفی এর গঠন প্রণালী ও گردان ---------------২০

معروف فعل مستقبل درفعل بلن نفی تاکید এর গঠন প্রণালী ও گردان ২০

مجهول فعل مستقبل در بلن نفی تاکید --------------- ২১

نفی جحد بلم در فعل مضارع معروف ---------- ২১

نفی جحد بلم درفعل مضارع مجهول এর গঠন প্রণালী ও گردان ২১

بحث نهی معروف এর গঠন প্রণালী ও گردان ---------- ২১

بحث نهی مجهول এর গঠন প্রণালী ও گردان ---------- ২২

لام تاکید بانون تاکید ثقیله وخفیفه درفعل مستقبل ---------- ২২

معروف - এর গঠন প্রণালী ও گردان ---------- ২২

لام تاکید بانون تاکید ثقیله درفعل مستقبل معروف ---------- ২২

لام تاکید بانون تاکید ثقیله درفعل مستقبل مجهول ---------- ২৩

لام تاکید بانون تاکید خفیفه درفعل مستقبل معروف ---------- ২৩

لام تاکید بانون تاکید خفیفه درفعل مستقبل مجهول ---------- ২৩

نهی معروف بانون ثقیله এর গঠন প্রণালী ও گردان ---------- ২৩

نهی مجهول بانون ثقیله এর গঠন প্রণালী ও گردان ---------- ২৩

امر حاضر معروف এর গঠন প্রণালী ও گردان ---------- ২৪

امر غائب ومتکلم معروف ---------- ২৪

أمر مجهول ---------- ২৪

امر حاضر معروف بانون ثقیله وخفیفه ---------- ২৪

امر غائب ومتکلم معروف بانون ثقیله ---------- ২৫

امر غائب متکلم معروف بانون خفیفه ---------- ২৫

امر مجهول بانون ثقیله ---------- ২৫

امر مجهول بانون خفیفه ---------- ২৫

দ্বিতীয় পরিচ্ছেদ ঃ **اسمائے مشتقه** - এর আলোচনা ২৫

بحث اسم فاعل এর বর্ণনা ---------- ২৬

اسم مفعول এর বর্ণনা ---------- ২৬

اسم تفضیل এর বর্ণনা ---------- ২৬

بحث صفت مشبه এর বর্ণনা ---------- ২৭

اسم فاعل ও صفت مشبه - এর মধ্যে পার্থক্য ---------- ২৭

بحث صفت مشبه এর কয়েকটি ওজন-------------------------২৮
اسم اله এর বর্ণনা ------------------------------------২৮
اسم ظرف এর বর্ণনা ------------------------------------২৯
بحث اسم ظرف এর কয়েকটি ব্যতিক্রম ওজন -----------------২৯
ثلاثی مجرد -এর মাসদারের ওজন ৪৪টি ওজন ---------------৩০
اسم تفضیل ও اسم مبالغة-এর মধ্যে পার্থক্য নিম্নরূপ-----------৩২
فاعل ওজনটি اسم فاعل ছাড়া আর কি বুঝায়? ----------------৩৩

দ্বিতীয় অধ্যায়

باب সমূহের বিস্তারিত বিবরণ

প্রথম পরিচ্ছেদ ঃ ثلاثی مجرد -এর আলোচনা ----------------৩৪
ثلاثی مجرد -এর বাব সমূহ --------------------------------৩৪
দ্বিতীয় পরিচ্ছেদ ঃ ثلاثی مزید فیہ مطلق - এর বাবসমূহ -------৩৬
غیر ملحق ও ملحق এর সংজ্ঞা ------------------------------৩৬
مطلق এর প্রকারভেদ -------------------------------------৩৭
باهمزه وصل এর সাত বাব ---------------------------------৩৭
باب افتعال এর বর্ণনা -----------------------------------৩৭
فعل مجهول গঠনের সাধারণ নিয়ম -------------------------৩৭
اسم مفعول ও اسم فاعل এর গঠন প্রাণালী ঃ -----------------৩৭
اسم تفضیل ও اسم اله এর বিকল্প নিয়ম ---------------------৩৮
باب افتعال-এর কায়েদা কানুন ---------------------------৩৮
فاء افتعال - এর কায়েদা ঃ -------------------------------৩৮
ফা কালেমাতে ذال হলে তিন অবস্থা ঃ -------------------------৩৮
زاء - এর অবস্থা ঃ ------------------------------------৩৮
ফা কালেমাতে ظاء হলে তিন অবস্থা হতে পারে। ------------------৩৮
عین افتعال এর কায়দা ঃ ---------------------------------৩৯
ثلاثی مزید فیه مطلق بے همزه وصل ------------------------৪১

তৃতীয় পরিচ্ছেদ ঃ **مزید فیه** ও **رباعی مجرد** - এর বর্ণনা প্রসঙ্গে ---৪৩

علامت مضارع সম্পর্কে সাধারণ নিয়ম ----------------------------৪৪

رباعی مزید فیه দু'প্রকার।---------------------------------৪৪

بے همزه وصل এর এক বাব-------------------------------------৪৪

با همزه وصل - এর দু'বাব।-----------------------------------৪৪

চতুর্থ পরিচ্ছেদ ঃ **ثلاثی مزید ملحق برباعی** - এর আলোচনা --৪৫

ثلاثی مزید فیه ملحق এর প্রকারভেদ --------------------------৪৫

ملحق برباعی مزید فیه ------------------------------------৪৫

ملحق بتفعلل - এর আট বাব --------------------------------৪৬

ملحق بافعنلال -এর দুই বাব---------------------------------৪৬

ملحق بافعلال -এর মাত্র এক বাব। -----------------------------৪৭

একটি প্রশ্ন ও তার জবাব ---------------------------------------৪৭

তৃতীয় অধ্যায়

گردان এর- **مضاعف** ও **مهموز , معتل**

প্রথম পরিচ্ছেদ ঃ **مهموز** -এর আলোচনা।-------------------------৫০

প্রথম প্রকার **تخفيف همزه**-এর নিয়মাবলী।-----------------------৫০

দ্বিতীয় প্রকার ঃ **مهموز**-এর **گردان** প্রসঙ্গে-----------------------৫৩

باب ضرب থেকে مهموز فاء - الاسر বন্দী করা। ---------------৫৪

باب استفعال থেকে مهموز فاء যেমন- الاستيذان অনুমতি চাওয়া৫৪

দ্বিতীয় পরিচ্ছেদঃ **معتل** -এর আলোচনা------------------------------৫৫

প্রথম প্রকার - معتل এর নিয়মাবলী প্রসঙ্গে ----------------------৫৫

দ্বিতীয় প্রকার مثال এর রূপান্তর প্রসঙ্গে ------------------------৬৩

مثال واوى - باب ضرب থেকে **الوعد والعدة** (অঙ্গীকার করা) ৬৩

مثال يائى - باب ضرب থেকে **الميسر** ------------------------৬৩

مثال واوى - باب سمع থেকে الوجل -------------------------৬৪

مثال واوى - سمع يسمع থেকে আরেকটি মাসদার ------------------৬৪

باب استفعال থেকে مثال واوى الاستيقاد -------------------------৬৪

তৃতীয় প্রকার أجوف এর রূপান্তর প্রসঙ্গে ----------------------------৬৫

اَلْقَوْلُ - اجوف واوى থেকে باب نصر ينصر বলা -----------------৬৫

اَلْبَيْعُ - اجوف يائى থেকে ضرب - يضرب ----------------------৬৯

اَلْخَوْفُ- যেমন থেকে سمع - يسمع - اجوف واوى ------------------৭১

اَلْإِقْتِيَادُ - اجوف واوى থেকে باب افتعال ------------------৭২

اَلْإِسْتِقَامَةُ - اجوف واوى থেকে باب استفعال ---------------৭২

اَلْإِقَامَةُ - اجوف واوى থেকে باب افعال ----------------------৭৩

চতুর্থ প্রকার ناقص ও لفيف -এর রূপান্তর প্রসঙ্গে ----------------৭৩

اَلرَّمْىُ ناقص يائى থেকে ضرب - يضرب ------------------------৭৯

- اَلرِّضْوَانُ والرضى - ناقص واوى থেকে سمع يسمع ---------৮৩

اَلْوِقَايَةُ - لفيف مفروق থেকে باب ضرب ----------------------৮৪

اَلْوِلَايَةُ لفيف مفروق থেকে باب حسب ------------------------৮৬

ناقص واوى থেকে باب افتعال -------------------------------৮৬

اَلْإِنْمِحَاءُ - ناقص واوى থেকে باب انفعال ---------------------৮৭

। اَلْإِعْلَاءُ উঁচু করা -ناقص واوى থেকে باب افعال ---------------৮৭

اَلتَّسْمِيَةُ - ناقص واوى থেকে باب تفعيل - -------------------৮৭

اَلْمُغَالَاةُ - ناقص واوى থেকে مفاعلة -------------------------৮৮

পঞ্চম প্রকার معتل ও مهموز - এর বর্ণনা ------------------------

- اَلْأَلْوُ ناقص واؤى ও مهموز فا থেকে باب نصر ---------------৮৯

اَلْإِتْيَانُ ناقص يائى ও مهموز فا থেকে باب ضرب -------------৮৯

اَلْمَجِيْئُ - اجوف يائى ও مهموز لام থেকে باب ضرب -------৯৩

তৃতীয় পরিচ্ছেদ : مضاعف এর বর্ণনা -------------------------৯৪

প্রথম প্রকার : مضاعف - এর নিয়মাবলী রূপান্তর প্রসঙ্গে-----------৯৪

اَلْمَدُّ যেমনঃ مضاعف থেকে باب نصر ---------------------৯৫

اَلْإِنْسِدَادُ থেকে باب انفعال ----------------------------৯৮

باب استفعال থেকে اَلْاِسْتِقْرَارُ ----------------------------------৯৮

باب افعال থেকে اَلْاِمْدَادُ --৯৮

দ্বিতীয় প্রকার --

مضاعف . مهموز ও معتل এর সমষ্টিতেগঠিত ----------------৯৯

ছীগাহ সমূহের বর্ণনা প্রসঙ্গে ------------------------------------৯৯

চতুর্থ অধ্যায়

افادات نافعه বা কয়েকটি উপকারী বিষয় ----------------------------১০১

কুফাবাসীর দ্বিতীয় দলিলঃ --১০৯

اجتماع ساكنين এর বিধান ঃ ---------------------------------------১১১

পরিশিষ্ট

صيغ مشكله বা জটিল জটিল --১১৩

ছীগাহ সমূহের বর্ণনা প্রসঙ্গে--১১৩

কিতাবের নাম علم الصيغه রাখার কারণ ঃ ------------------------------১২৮

সমাপ্ত

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِىْ بِيَدِهٖ تَصْرِيْفُ الْاَحْوَالِ وَتَخْفِيْفُ الْاَثْقَالِ وَالصَّلٰوةُ وَالسَّلَامُ عَلٰى سَيِّدِ الْهَادِيْنَ اِلٰى مَحَاسِنِ الْاَخْلَاقِ وَالْاَفْعَالِ وَعَلٰى اٰلِهٖ وَصَحْبِهٖ الْمُضَارِعِيْنَ لَهٗ فِى الصِّفَاتِ وَالْاَعْمَالِ ـ اَمَّا بَعْدُ :

গ্রন্থকার মুফতী মুহাম্মদ এনায়েত আহমদ রহ. বলেন ইলমে সরফের এই কিতাবটি সৎকর্মপরায়ন ও অনুগ্রহশীল হাফেয উযীর আলী সাহেবের উছিলায় রচিত হয়েছিল। ভাগ্যের নির্মম পরিহাস আমাকে আন্দামান দ্বীপে পৌঁছিয়ে দিয়েছিল। এ কিতাবটি রচনার সময় আমার নিকট ইলমের কোন একটি কিতাব ছিল না। অধম কিতাবটিকে এইভাবে লিখেছি যে, এটি মীযান ও মুনশাইব, পাঞ্জেগাঞ্জ, যুবদাহ ও সরফে মীরের স্থলাভিষিক্ত হয়ে যায়। তাছাড়া অন্যান্য প্রয়োজনীয় জ্ঞাতব্য বিষয়াবলী সম্বলিত হয়।

আল্লাহ তাআলা কিতাবটির মাধ্যমে ছাত্রদেরকে উপকৃত করুন এবং তাদেরকে ও আমাকে নবীকুল সরদার সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর অনুসরণ করার তাওফীক দান করুন। আল্লাহ তায়ালা আপন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তাঁর পরিবার বর্গের উপর রহমত বর্ষণ করুন। আমীন!

এই কিতাবে একটি মুকাদ্দামাহ ও চারটি অধ্যায় রয়েছে।

মুকাদ্দামাহ

কালিমার প্রকারভেদ ঃ

✪ **كلمه** (শব্দ) ঃ একক অর্থের জন্য গঠিত শব্দকে كلمه বলে।
كلمة তিন প্রকার-- [১] - اسم ، فعل ও حرف -

✪ **فعل** (ক্রিয়া) ঃ যে كلمه তিন কালের যে কোন একটি কালের সঙ্গে [২] সম্পর্কিত হয় এবং নিজের অর্থ নিজে প্রকাশ করতে পারে তাকে فعل বলে। যেমন– ضَرَبَ يَضْرِبُ

✪ **اسم** (বিশেষ্য, বিশেষণ, সর্বনাম) ঃ যে কালেমা কোন কালের সাথে সম্পর্কহীন, কিন্তু নিজের অর্থ নিজে প্রকাশ করতে পারে, তাকে اسم বলে। যেমন ضَارِبٌ ـ رَجُلٌ

✪ **حرف** (অব্যয়) ঃ যে কালেমা অপরের সাথে মিলিত না হয়ে নিজের অর্থ নিজে প্রকাশ করতে পারে না, তাকে حرف বলে। যেমন- مِنْ ও إلى ইত্যাদি।

---

১. قوله فعل ঃ মুসান্নেফ রহ. এখানে فعل কে প্রথমে উল্লেখ করার কারণ এই যে, فعل এর সাথে ইলমে সরফের আলোচনার অধিক সম্পর্ক রয়েছে। ইলমে নাহু এমনটি নয়। কেননা ইলমে নাহুতে সবচেয়ে বেশী আলোচনা হয় اسم নিয়ে। ফলে ইলমে নাহুতে اسم- ই সর্বপ্রথম উল্লেখ করা হয়।

২. কোন কালের ঃ অর্থাৎ فعل এর মধ্যে دلالت على الزمان হওয়া আর اسم এর মধ্যে না হওয়া শর্ত। এখানে একটি প্রশ্ন জাগে। তা এই যে, اسم এর সংজ্ঞা جامع ও فعل এর সংজ্ঞা مانع হয়নি। কেননা কিছু اسم এমন আছে যেগুলো তিন কালের যে কোন একটি বুঝায়। যেমন الماضى ـ الحال ـ المستقبل - امس غدا ইত্যাদি। এগুলোর উপর فعل এর সংজ্ঞা প্রয়োজ্য হবে? না-কি اسم এর সংজ্ঞা?
উত্তর ঃ শব্দ কাল বুঝায় দুইভাবে। একটি হালো مادة বা ধাতুগতভাবে, অপরটি হলো هيئت বা একটি বিশেষ রূপ বা ওজনের সাথে মিলিত হওয়ার কারণে। فعل এর মধ্যে دلالت على الزمان পাওয়া যাওয়ার অর্থ হলো শব্দটি মৌলিকভাবে কোন কাল বুঝানোর জন্য গঠন করা হয়নি; বরং সেটি একটি বিশেষ ওজনে রূপ দেওয়ার কারণে তাতে কালের অর্থ পাওয়া যাবে। যেমন ضَرَبَ (সে মারল) এটি একটি অতীতকালীন ক্রিয়া । শব্দটিকে মৌলিকভাবে কোন কাল বুঝানোর জন্য গঠন করা হয়নি। এর ধাতুগত অর্থ اَلضَّرْبُ "মারা" কোন কালের সাথে সম্পৃক্ত নয়। "اَلضَّرْبُ" শব্দটিকে একটি বিশেষ রূপে [অর্থাৎ فعل রূপে রূপান্তরিত করার ফলে এটিতে অতীত কালের অর্থ পাওয়া গেল। সুতরাং এটি فعل =

فعل প্রকারভেদ

কাল ও অর্থের দিক দিয়ে فعل তিন প্রকার।

أمر ـ مضارع ـ ماضى

✪ **ماضى** (অতীতকালীন ক্রিয়া) ঃ যে فعل দ্বারা অতীতকালে কোন কিছু হওয়া বা করা বুঝায় তাকে فعل ماضى বলে। যেমন - فَعَلَ (সে (পুং) অতীতকালে করেছিল।)

✪ **مضارع** (বর্তমান ও ভবিষ্যতকালীন ক্রিয়া) ঃ যে فعل বর্তমান ও ভবিষ্যৎকালে কোন কাজ সংঘঠিত হচ্ছে বা হবে বুঝায়, তাকে مضارع বলে। যেমন - يَفْعَلُ (সে (পুং) করছে বা করবে)

✪ **امر** (আদেশসূচক ক্রিয়া) ঃ যে فعل কোন কাজ করার নির্দেশ বুঝায়, তাকে امر বলে। যেমন –اِفْعَلْ (তুমি (পুং কর)

✪ فعل ماضى অথবা مضارع এর সম্পর্ক যদি فاعل এর সাথে হয় তাহলে সেটিকে فعل معروف বা কর্তৃবাচ্য বলে। যেমন – ضَرَبَ সে একজন পুরুষ প্রহার করেছে। আর যদি مفعول -এর দিকে হয় তাহলে সেটিকে فعل مجهول বা কর্মবাচ্য বলে। যেমন– ضُرِبَ সে প্রহৃত হয়েছে। امر সর্বদাই معروف হয়।[১]

✪ ماضى ومضارع معروف ومجهول যদি কাজ সংঘঠিত হওয়া বুঝায় তাহলে সে فعل কে اثبات। (হ্যাঁ বাচক) বলে। যেমন– نَصَرَ يَنْصُرُ আর কাজ সংঘঠিত না হওয়া বুঝালে তাকে نفى বা না বাচক বলে। যেমন- مَاضَرَبَ (সে মারে নাই) وَلَايَضْرِبُ (সে মারবে না।)

حروف اصليه হিসাবে فعل দু' প্রকার। (১) ثلاثى (২) رباعى

✪ ثلاثى ঃ যাতে মূল বর্ণ তিনটি হয়। যেমন– نَصَرَ. يَنْصُرُ

✪ আর যে فعل এর মূল বর্ণ চারটি হয় তাকে رباعى বলে।
যেমন-بَعْثَرَ يُبَعْثِرُ

= অপরদিকে কোন শব্দে যদি ধাতুগত কোন কালের অর্থ পাওয়া যায়, সেটি فعل বলে গণ্য হবে না। অতএব, امس ـ الماضى ইত্যাদি শব্দসমূহ اسم। ফেল-এর সংজ্ঞা এগুলোর উপর প্রযোজ্য হয় না।

১. قوله معروف ঃ অর্থাৎ, এতে مجهول হয় না। مضارع مجهول بالام কে রূপকভাবে امر مجهول বলা হয়।

এর প্রত্যেকটি আবার দু'প্রকার। (১) مجرد (২) مزيد فيه

✪ مجرد ঃ যাতে মূলবর্ণ তিনটি ছাড়া আর অতিরিক্ত কোন বর্ণ থাকে না। যেমন- بَعْثَرَ - يُبَعْثِرُ ও نَصَرَ يَنْصُرُ

✪ مزيد فيه ঃ যাতে মূলবর্ণ ছাড়া অতিরিক্ত বর্ণ ও বিদ্যমান থাকে। যেমন- تَسَرْبَلَ - اِبْرَنْشَقَ - اَكْرَمَ - اِجْتَنَبَ

اقسام حروف হরফের প্রকারভেদের দিক দিয়ে আবার فعل চার প্রকার।

(১) صحيح (২) مهموز (৩) معتل (৪) مضاعف

✪ صحيح (সহীহ) যে فعل - এর মূল বর্ণে হামযা, হরফে ইল্লত অথবা এক জাতীয় দু'টি বর্ণ একত্রিত থাকে না, তাকে صحيح বলে।

হরফে ইল্লাত واؤ - الف - ياء কে বলা হয়। এগুলির সমষ্টি وائے হয়। উপরে উল্লেখিত সকল উদাহরণ صحيح এর অন্তর্ভুক্ত।

✪ مهموز (মাহ্মুয) যে فعل এর মূল বর্ণে همزه (হামযাহ) হয় তাকে মাহ্মুয বলে। হামযাহ বর্ণটি فاء কালেমায় হলে مهموز فا যেমন- اَمَرَ আর- عين কালেমায় হলে مهموز عين যেমন- سَأَلَ আর লাম কালেমায় হলে مهموز لام বলে। যেমন- قَرَأَ

✪ معتل (মু'তাল) যে فعل এর মূল বর্ণে واؤ - الف বা ياء এর যে কোন একটি বর্ণ হয় তাকে معتل বলে। معتل তিন প্রকার- (ক) "معتل فاء" এর অপর নাম مثال (মেছাল)। যেমন- وَعَدَ - يَسَرَ (খ) "معتل عين" এর অপর নাম أجوف (আজওয়াফ)। যেমনঃ قال আর معتل لام এর অপর নাম ناقص (নাকেস)। যেমন- دَعَا - رَمٰى

معتل এর উপরোক্ত প্রকারভেদ তখনই প্রযোজ্য যখন শব্দের মধ্যে حرف علت একটি হবে। আর যদি হরফে ইল্লাত দুটি হয় তবে, সেটিকে لفيف বলা হয়। সেটি আবার দুভাগে বিভক্ত।

১. مفروق (মাকরূন) অর্থাৎ যাতে দুটি হরফে ইল্লাত মিলিত অবস্থায় আসে। যেমন طَوٰى

২. مقرون যাতে দুইটি হরফে ইল্লত পৃথক হয়ে আসে। যেমন وَقٰى

✪ مضاعف (মুযাআফ) যে সমস্ত فعل - এর মূল বর্ণে এক জাতীয় দুটি বর্ণ একত্রিত হয় সেগুলোকে مضاعف বলে। যেমন - زَلْزَلَ ও فَرَّ - এভাবে فعل এর সর্বমোট দশ প্রকার হয়। একটি صحيح এর, তিনটি مهموز এর, পাঁচটি معتل এর আর একটি مضاعف - এর।

তবে ছরফী আলেমগন مباحث صرفيه তথা ছরফী আলোচনা আধিক্যতার কারণে নিম্মোক্ত সাত প্রকারকে বিশেষভাবে উল্লেখ করা সমীচীন মনে করছেন। এ সাতটিকে একটি কবিতা আকারে সাজানো হয়েছে–

صحيح ست ومثال ست ومضاعف + لفيف وناقص مهموز وجوف

اسم - এর প্রকারভেদ

اسم প্রধানত তিন প্রকার–(১) **مصدر** (২) **مشتق** (৩) **جامد**

✪ مصدر (মাসদার) যে اسم কোন কাজ হওয়া বা করা বুঝায় তাকে مصدر বলে। যেমন اَلْقَتْلُ (হত্যা করা) اَلضَّرْبُ (মারা) ফারসীতে [১] মাসদারের আলামত হল শব্দের শেষে دن অথবা تن হওয়া। যেমন – كشتن - زدن

✪ مشتق (মুশতাক্ব) فعل থেকে যে اسم নির্গত হয়, তাকে مشتق বলে। যেমন- ضَارِبٌ (প্রহারকারী) এটা يَضْرِبُ থেকে নির্গত।

মাসদারের অর্থ উর্দুতে করা হলে, শব্দের শেষে نا যুক্ত করতে হয়। যেমন اَلضَّرْبُ - مارنا ও اَلْقَتْلُ - قتل كرنا

مصدر ও مشتق তাদের নিজস্ব فعل এর মত ثلاثى - رباعى - مجرد - مزيد فيه হয়ে থাকে। এ হিসেবে مصدر ও مشتق উভয়টিই দশ প্রকার পাওয়া যায়।

✪ جامد - (জামেদ) যা নিজেও কোন শব্দ থেকে বের হয়নি এবং এর থেকেও কোন শব্দ বের হয় না। যেমন, زَيْدٌ-

اسم جامد মূল বর্ণের সংখ্যার দিক থেকে ছয় প্রকার –

(১) ثلاثى مجرد যেমন- رَجُلٌ (ব্যক্তি)

(২) ثلاثى مزيدفيه যেমন - حِمَارٌ (গাধা)

(৩) رباعى مجرد যেমন, جَعْفَرٌ (বেত ফল)

(৪) رباعى مزيد فيه যেমন قِرْطَاسٌ (কাগজ)

(৫) خماسى مجرد যেমন سَفَرْجَلٌ (নদী, নালা)

(৬) خماسى مزيد فيه যেমন-قَبَعْثَرٰى (গাভীন উটনী)

হরফের প্রকারভেদ হিসেবে প্রতিটি দশ প্রকার। সাধারণত ঃ فعل - এ রূপান্তর বেশী হয় আর اسم এর কম হয়- আর حرف এর মধ্যে রূপান্তর মোটেই হয় না। তাই সরফীদের মাঝে সাধারণত ঃ فعل নিয়েই আলোচনা বেশী হয়।

---

১. ফার্সীতে ঃ মাসদারের অর্থ উর্দুতে করা হলে, শব্দের শেষে "نا" যুক্ত করতে হয়। যেমন - الضرب - مارنا ও القتل قتل كرنا

প্রথম অধ্যায়

ছীগাসমূহের বর্ণনা

এ অধ্যায়ে দুটি পরিচ্ছেদ রয়েছে-

প্রথম পরিচ্ছেদ : فعل এর گردان প্রসঙ্গে

ثلاثى مجرد থেকে فعل ماضى معروف তিন ওজনে ব্যবহৃত হয়। فَعَلَ যেমন- ضَرَبَ . فَعِلَ যেমন- سَمِعَ . فَعُلَ যেমন- كَرُمَ

فَعَلَ এর مضارع معروف কখনও يَفْعُلُ হয়। যেমন- نَصَرَ يَنْصُرُ - আবার কখনও يَفْعِلُ যেমন - ضَرَبَ يَضْرِبُ আবার কখনও يَفْعَلُ যেমন- فَتَحَ . يَفْتَحُ

فَعِلَ ওজনের مضارع معروف কখনও يَفْعَلُ আসে। যেমন - سَمِعَ يَسْمَعُ আবার কখনও يَفْعِلُ ওজনে আসে যেমন حَسِبَ يَحْسِبُ

আর فَعُلَ ওজনের مضارع معروف কেবলমাত্র يَفْعُلُ এর ওজনে আসে। যেমন- كَرُمَ يَكْرُمُ-

উল্লেখিত তিনটি ওজনের ই ماضى مجهول ، فُعِلَ-এর ওজনে আর মুযারে মাজহুল ، يُفْعَلُ এর ওজনে আসে। উল্লেখিত আলোচনার মাধ্যমে ছয়টি باب হাসেল হয়। সর্বপ্রথম আমরা افعال ও مشتقات এর ছীগাহ নিয়ে আলোচনা করব। অতঃপর باب নিয়ে বিস্তারিত আলোচনা করব।

فعل ماضى - এর ১৩ টি ছীগাহ-

اثبات فعل ماضى معروف

(হ্যাঁ বাচক কর্তৃবাচ্য সাধারণ অতীতকালীন ক্রিয়া।)

فَعَلَ ، فَعَلَا ، فَعَلُوا ، فَعَلَتْ، فَعَلَتَا ، فَعَلْنَ ، فَعَلْتَ ، فَعَلْتُمَا ، فَعَلْتُمْ ، فَعَلْتِ ، فَعَلْتُنَّ ، فَعَلْتُ ، فَعَلْنَا .

عين কালেমার যের, যবর, পেশ তিনটি হরকত হতে পারে।

প্রথম তিনটি ছীগাহ مذكر غائب-এর যথাক্রমে - واحد تثنيه ও جمع এর। পরের তিনটি مؤنث غائب এর। এরপর তিনটি مذكر حاضر এর। তবে এটির تثنيه مؤنث . تثنيه এর সাথে মিলে যায়। তাই একটি মাত্র ছীগাহ উল্লেখ করা হবে। পরের দুটি مؤنث حاضر এর প্রথমটি واحد এর আর দ্বিতীয়টি جمع এর। অতঃপর দুটি متكلم এর। প্রথমটি واحد مذكر و مؤنث এর আর দ্বিতীয়টি ও تثنيه جمع مذكر مؤنث-এর।

اثبات فعل ماضی مجهول

(হ্যাঁ বাচক কর্মবাচ্য সাধারণ অতীতকালীন ক্রিয়া)

فُعِلَ ، فُعِلَا ، فُعِلُوا، فُعِلَتْ ، فُعِلَتَا ، فُعِلْنَ ، فُعِلْتَ ، فُعِلْتُمَا ، فُعِلْتُمْ ، فُعِلْتِ ، فُعِلْتُنَّ ، فُعِلْتُ ، فُعِلْنَا ۔

فعل ماضی এর উপর نفی বুঝানোর জন্য ما ও لا ব্যবহার করা হয়। তবে যেখানে تكرار বা পুনরাবৃত্তি নেই, সেখানে لا ব্যবহৃত হয় না।

যেমন–فلاصدق ولاصلی

نفی فعل ماضی معروف/ مجهول

(না বাচক কর্মবাচ্য/ কর্তৃবাচ্য সাধারণ অতীতকালীন ক্রিয়া)

مَا فَعَلَ ، مَافَعَلَا، مَافَعَلُوا، مَافَعَلَتْ ، مَافَعَلَتَا ، مَافَعَلْنَ ، مَافَعَلْتَ ، مَافَعَلْتُمَا، مَافَعَلْتُمْ ، مَافَعَلْتِ ، مَافَعَلْتُنَّ ، مَافَعَلْتُ ، مَافَعَلْنَا ۔

অনুরূপভাবে

لَافَعَلَ ۔ لَافَعَلَا ۔ لَافَعَلُوا ۔ لَافَعَلَتْ ۔ لَافَعَلَتَا الخ

مضارع - এর ছীগাহ এগারটি

اثبات فعل مضارع معروف

(হ্যাঁ বাচক বর্তমান ও ভবিষ্যতকালীন কর্তৃবাচ্য ক্রিয়া)

يَفْعَلُ ، يَفْعَلَانِ ، يَفْعَلُوْنَ ، تَفْعَلُ ، تَفْعَلَانِ ، يَفْعَلْنَ ، تَفْعَلُوْنَ ، تَفْعَلِيْنَ ، تَفْعَلْنَ ، اَفْعَلُ ، نَفْعَلُ-

প্রথম তিনটি ছীগাহ مذكرغائب এর জন্য। এগুলো যথাক্রমে واحد - تثنيه ও جمع- এর জন্য। এর পরের তিনটি এ ترتيب অনুসারে مؤنث غائب এর জন্য। তবে تَفْعَلُ ছীগাহটি واحدمذكرحاضر ও বুঝায়। সুতরাং এ ছীগাহটি দুটি ছীগাহর স্থলাভিষিক্ত। تَفْعَلَانِ ছীগাহটি تثنيه مذكر ও تثنيه مؤنث غائب ومؤنث حاضر-এর জন্য ব্যবহৃত হয়। সুতরাং এ ছীগাহটি তিনটি ছীগাহর স্থলাভিষিক্ত। تَفْعَلُوْنَ ۔ ছীগাহটি جمع مذكرحاضر এর জন্য। تَفْعَلِيْنَ ওয়াহেদে মুয়ান্নাসে হাযের এর জন্য। আর تفعلن ۔ জমা মুয়ান্নাসে হাযেরএর জন্য। اَفْعَلُ ওয়াহেদে মুতাকাল্লিম (মুযাক্কার ও মুয়ান্নাস) এর জন্য। আর نَفْعَلُ - তাস্‌নিয়া ও জমা মুতাকাল্লিম (মুযাক্কার ও মুয়ান্নাস) এর জন্য।

اثبات مضارع مجهول

(হ্যাঁ বাচক বর্তমান বা ভবিষ্যতকালীন কর্মবাচ্য ক্রিয়া)

يُفْعَلُ، يُفْعَلَانِ، يُفْعَلُوْنَ، تُفْعَلُ، تُفْعَلَانِ، يُفْعَلْنَ، تُفْعَلُوْنَ، تُفْعَلِيْنَ، تُفْعَلْنَ، اُفْعَلُ، نُفْعَلُ

نفى مضارع معروف

لَايَفْعِلُ ، لَايَفْعِلَانِ ، لَايَفْعِلُوْنَ ، لَاتَفْعِلُ ، لَاتَفْعِلَانِ، لَايَفْعِلْنَ ، لَاتَفْعِلُوْنَ ، لَاتَفْعِلِيْنَ ، لَاتَفْعِلْنَ، وَلَاافْعِلُ ، لَانَفْعِلُ ۔

مَايَفْعِلُ ، مَايَفْعِلَانِ الخ

نفى مضارع مجهول

لَايُفْعَلُ، لَايُفْعَلَانِ، لَايُفْعَلُوْنَ، لَاتُفْعَلُ، لَاتُفْعَلَانِ، لَايُفْعَلْنَ، لَاتُفْعَلُوْنَ، لَاتُفْعَلِيْنَ، لَاتُفْعَلْنَ، لَااُفْعَلُ، لَانُفْعَلُ

مَا يُفْعَلُ ، مَايُفْعَلَانِ الخ

نفى تاكيد بلن درفعل مستقبل معروف

(لَنْ যোগে দৃঢ়তাসূচক না বাচক কর্তৃবাচ্য ভবিষ্যৎকালীন ক্রিয়া)

গঠন প্রণালী ঃ এতে فعل مضارع -এর لَنْ যোগ করতে হয়। لَنْ এসে اَفْعَلُ ۔ يَفْعَلُ ۔ تَفْعَلُ ও نَفْعَلُ এর চারটি ছীগাহর শেষে نصب প্রদান করে। আর يَفْعَلَانِ ۔ تَفْعَلَانِ ۔ يَفْعَلُوْنَ ۔ تَفْعَلُوْنَ এ পাঁচটি ছীগাহ থেকে نون اعرابى কে বিলুপ্ত করে। يَفْعَلْنَ ও تَفْعَلْنَ এর দুটিতে কোন প্রকার আমল করে না। অর্থের দিক দিয়ে مضارع مثبت কে نفى تاكير مستقبل এর অর্থে পরিণত করে।

نفى تاكيد بلن در فعل مستقبل معروف

(لن যোগে দৃঢ়তাসূচক না বাচক ক্রিয়া)

لَنْ يَفْعِلَ ، لَنْ يَفْعِلَا ، لَنْ يَفْعِلُوْا ، لَنْ تَفْعِلَ ، لَنْ تَفْعِلَا ، لَنْ يَفْعِلْنَ ، لَنْ تَفْعِلُوْا ، لَنْ تَفْعِلِىْ ، لَنْ تَفْعِلْنَ ، لَنْ اَفْعِلَ ، لَنْ نَفْعِلَ

نفی تاکید بلن در فعل مستقبل مجهول

(لَنْ যোগে দৃঢ়তাসূচক না বাচক কর্মবাচ্য ক্রিয়া।)

لَنْ يُّفْعَلَ لَنْ يُّفْعَلَا لَنْ يُّفْعَلُوْا لَنْ تُفْعَلَ لَنْ تُفْعَلَا لَنْ يُّفْعَلْنَ
لَنْ تُفْعَلُوْا ، لَنْ تُفْعَلِىْ ، لَنْ تُفْعَلْنَ ، لَنْ اُفْعَلَ ، لَنْ نُفْعَلَ .

اَنْ يَّفْعَلَ-যেমন। এ তিনটি হরফ ও لَنْ এর মত আমল করে। اذن ও كى- ان এ গুলোর معروف ও مجهول এর গর্দান তোমরা اِذَنْ يَّفْعَلَ - كَىْ يَفْعَلَ - করে নিবে।

نفی جحد بلم در فعل مضارع معروف

(لَمْ যোগে না বোধক ভবিষ্যৎকালীন কর্তৃবাচ্য ক্রিয়া)

গঠন প্রণালী ঃ فعل مضارع এর পূর্বে لَمْ যোগ করতে হয়। لَمْ এসে اَفْعَلُ، يَفْعَلُ، تَفْعَلُ ও نَفْعَلُ এর চারটি ছীগায় جزم প্রদান করে। আর বাকি গুলোতে لَنْ এর মতই আমল করে। অর্থের দিক দিয়ে مضارع কে ماضى منفى এর অর্থে পরিণত করে।

لَمْ يَفْعِلْ ، لَمْ يَفْعِلَا ، لَمْ يَفْعِلُوْا ، لَمْ تَفْعِلْ ، لَمْ تَفْعِلَا ، لَمْ يَفْعِلْنَ
، لَمْ تَفْعِلُوْا، لَمْ تَفْعِلِىْ ، لَمْ تَفْعِلْنَ ، لَمْ اَفْعِلْ ، لَمْ نَفْعِلْ-

نفی جحد بلم درفعل مضارع مجهول

(لَمْ যোগে না বোধক ভবিষ্যৎকালীন কর্মবাচ্য ক্রিয়া)

لَمْ يُفْعَلْ ، لَمْ يُفْعَلَا ، لَمْ يُفْعَلُوْا ، لَمْ تُفْعَلْ ، لَمْ تُفْعَلَا ، لَمْ يُفْعَلْنَ
لَمْ تُفْعَلُوْا، لَمْ تُفْعَلِىْ ، لَمْ تُفْعَلْنَ ، لَمْ اُفْعَلْ ، لَمْ نُفْعَلْ .

لَمَّا[১] শব্দ এবং অর্থের দিক দিয়ে لَمْ এর মতই আমল করে। যেমন- لَمَّا يَفْعَلْ الخ তবে উভয়ের অর্থের ভিতর একটি পার্থক্য আছে। لَمْ নিকটবর্তী অতীতকে نفى করে। যেমন- لَمْ يَفْعَلْ (সে করে নাই) আর لَمَّا দূরবর্তী (সম্পূর্ণ) অতীতকালকে نفى করে। যেমন- لَمَّا يَفْعَلْ (সে এখন পর্যন্ত করে নাই।)

اِنْ يَّفْعَلْ-যেমন। এর মতই আমল করে لَمْ ও لائے نهى এবং لام امر - اِنْ معروف - الخ এবং مجهول এর গর্দান তোমরা করে নিবে।

---

১. لَمَّا ঃ অর্থাৎ لَمْ যেমনিভাবে শব্দের শেষে সাকিন করে দেয়া لَمَّا ও তদ্রুপ। অনুরূপভাবে لَمْ যেমনিভাবে مضارع এর অর্থকে ماضى منفى এর অর্থে পরিণত করে দেয় لَمَّا ও তেমনিভাবে مضارع এর অর্থকে ماضى منفى তে পরিণত করে।

مجهول এর সকল ছীগায় আসে। আর معروف এর حاضر ব্যতীত لام امر অন্য ছীগাহসমূহে আসে। আর لائے نهی সকল ছীগায় আসে।

মুহাক্কিক আলেমদের মতে نهی ও امر مجهول بالام এর ছীগাহ সমূহ مضارع থেকে পৃথক করা পছন্দনীয় নয়। لَمْ এর بحث-এর সাথে এ সমস্ত ছীগাহও এখানেই উল্লেখ করা উচিত।

তবে যেহেতু لام বিহীন আমর অর্থাৎ امر حاضر معروف ফেল এর তৃতীয় একটি প্রকার, তাই امرحاضر معروف কে আলাদা করে লেখা প্রয়োজন। এদিকে امر بالام কে امرحاضر এর সাথে ওৎপ্রোতভাবে জড়িত হওয়ার কারণে امرحاضر এর পরে উল্লেখ করা সমীচীন মনে হচ্ছে। তবে نهی এর ছীগাহ সমূহ এখানেই লিপিবদ্ধ করা হচ্ছে।

بحث نهی معروف

لَايَفْعِلْ، لَايَفْعِلَا ، لَايَفْعِلُوْا ، لَاتَفْعِلْ ، لَاتَفْعِلَا ، لَايَفْعِلْنَ ، لَاتَفْعِلُوْا ، لَاتَفْعِلِىْ ، لَاتَفْعِلْنَ ، لَااُفْعِلْ ، لَانَفْعِلْ -

بحث نهی مجهول

لَايُفْعَلْ ، لَايُفْعَلَا ، لَايُفْعَلُوْا ، لَاتُفْعَلْ ، لَاتُفْعَلَا ، لَايُفْعَلْنَ ، لَاتُفْعَلُوْا ، لَاتُفْعَلِىْ ، لَاتُفْعَلْنَ ، لَااُفْعَلْ ، لَانُفْعَلْ -

যে فعل مضارع - لَمْ অথবা যে কোন জযমদাতা হরফের কারণে مجزوم হয়, সে فعل এর শেষে যদি حرف علت থাকে তাহলে সেটি বিলুপ্ত হয়ে যায়। যেমন-

لَايَدْعُ - لَمَّا يَدْعُ - لَمْ يَخْشَ - لَمْ يَرْمِ - لَمْ يَدْعُ - لِيَدْعُ - اِنْ تَدْعُ -

لام تاكيد بانون تاكيد ثقيله وخفيفه درفعل مستقبل معروف

গঠন প্রণালী ঃ فعل مضارع তে تاكيد বুঝানোর জন্য لام تاكيد مفتوحه ও نون تاكيد ثقيله وخفيفه আসে। لام শুরুতে এবং نون শেষে আসে। ثقيله হলো তাশদীদ যুক্ত এবং তা সকল ছীগাহয় আসে, আর خفيفه সাকিনযুক্ত এবং তা সকল ছীগাহয় আসে না। অর্থাৎ تثنيه ও جمع مؤنث -এর ছীগাহ সমূহ ছাড়া সবগুলোতে আসে।

يَفْعَلُ - تَفْعَلُ - اَفْعَلُ ও نَفْعَلُ এ চার ছীগাহতে نون ثقيله এর ماقبل مفتوح হয়। আর جمع مذكر - تثنيه ও واحد مؤنث حاضر এর نون اعرابى এ বিলুপ্ত হয়ে যায়। تثنيه তে الف বাকী থাকে এবং এর পরে نون ثقيله যের

واحدمؤنث এবং واؤ এর جمع مذكر এদিকে لَيَفْعَلاَنِّ - যেমন। বিশিষ্ট হয় حاضر এর ইয়া পড়ে যায়। আর واؤ এর পূর্বে পেশ ও ইয়া এর পূর্বে যের বাকী থাকে। যেমন-- لَيَفْعَلُنَّ - لَيَفْعَلِنَّ - جمع مؤنث غائب وحاضر এর نون জمع ও نون ثقيله এর মাঝে আলিফ বাড়ানো হয়। যাতে তিন নুন এক স্থানে একত্রিত না হয়।[৬] যেমন- لَيَفْعَلْنَانِّ ـ لَتَفْعَلْنَانِّ - نون ثقيله এদুটিতেও যের বিশিষ্ট হয়। সারকথা হল- نون ثقيله ـ الف এর পরে যের বিশিষ্ট হয়। আর বাকী সব জায়গায় যবর বিশিষ্ট হয়।

نون خفيفه ـ تثنيه - ও جمع مؤنث ছাড়া সকল ছীগাহয় نون ثقيله -এর মত আমল করে। অর্থের দিক দিয়ে نون ثقيله وخفيفه - مضارع এর অর্থকে দৃঢ়তাসহ مستقبل এর অর্থের সাথে خاص করে দেয়।

لام تاكيد بانون تاكيد ثقيله درفعل مستقبل معروف

لَيَفْعِلَنَّ ، لَيَفْعِلاَنِّ ، لَيَفْعِلُنَّ ، لَتَفْعِلَنَّ ، لَتَفْعِلاَنِّ ، لَيَفْعِلْنَانِّ ،
لَتَفْعِلُنَّ ، لَتَفْعِلِنَّ ، لَتَفْعِلْنَانِّ ، لَأَفْعِلَنَّ ، لَنَفْعِلَنَّ ـ

لام تاكيد بانون تاكيد ثقيله درفعل مستقبل مجهول

لَيُفْعَلَنَّ ، لَيُفْعَلاَنِّ ، لَيُفْعَلُنَّ ، لَتُفْعَلَنَّ ، لَتُفْعَلاَنِّ ، لَيُفْعَلْنَانِّ ،
لَتُفْعَلُنَّ ، لَتُفْعَلِنَّ ، لَتُفْعَلْنَانِّ ، لَأُفْعَلَنَّ ، لَنُفْعَلَنَّ ـ

لام تاكيد بانون تاكيد خفيفه درفعل مستقبل معروف

لَيَفْعِلَنْ لَيَفْعِلُنْ لَتَفْعِلَنْ لَتَفْعِلُنْ لَتَفْعِلِنْ لَأَفْعِلَنْ لَنَفْعِلَنْ ـ

لام تاكيد بانون تاكيد خفيفه درفعل مستقبل مجهول

لَيُفْعَلَنْ لَيُفْعَلُنْ لَتُفْعَلَنْ لَتُفْعَلُنْ لَتُفْعَلِنْ لَأُفْعَلَنْ ،لَنُفْعَلَنْ ـ

نهى ও امر এর মধ্যেও نون ثقيله وخفيفه আসে- امر এর আলোচনা পরে আসছে।

نهى معروف بانون ثقيله

لاَيَفْعِلَنَّ ، لاَيَفْعِلاَنِّ ، لاَيَفْعِلُنَّ ، لاَتَفْعِلَنَّ ، لاَتَفْعِلاَنِّ ، لاَيَفْعِلْنَانِّ
، لاَتَفْعِلُنَّ ، لاَتَفْعِلِنَّ ، لاَتَفْعِلْنَانِّ ، لاَأَفْعِلَنَّ ، لاَنَفْعِلَنَّ ـ

৬, তিন নুন এক স্থানে একত্রিত হওয়া অশোভনীয়। শব্দের মধ্যে কাঠিন্যতা সৃষ্টি করে।

نهى مجهول بانون ثقيله

لَايُفْعَلَنَّ ، لَايُفْعَلَانِّ ، لَايُفْعَلُنَّ ، لَاتُفْعَلَنَّ ، لَاتُفْعَلَانِّ ، لَايُفْعَلْنَانِّ ،
لَاتُفْعَلُنَّ ، لَاتُفْعَلِنَّ ، لَاتُفْعَلْنَانِّ ، لَاأُفْعَلَنَّ ، لَانُفْعَلَنَّ۔

حرف) উল্লেখিত পদ্ধতিতে فعل مضارع এর মধ্যে نون ثقيله وخفيفه
(شرطيه اما এর পরেও আসে। যেমন- اَمَّا يَفْعُلَنَّ الخ - اَمَّا يَفْعُلَنْ

امر حاضر معروف

গঠন প্রণালী ঃ فعل مضارع - امر حاضر معروف থেকে বানানো হয়। প্রথমে علامت مضارع কে বিলুপ্ত করে فاء কালিমার দিকে লক্ষ্য করতে হয়। فا কালেমা যদি হরকত বিশিষ্ট থাকে তাহলে শেযাক্ষর সাকিন করে দিতে হয়। যেমন - تَعِدُ থেকে عِدْ আর যদি فاكلمه সাকিন থাকে, তবে مضارع এর عين كلمه যদি পেশবিশিষ্ট থাকে, তাহলে শুরুতে همزة وصل مضموم আনতে হয়। যেমন تنصر থেকে انصر আর مضارع এর عين - مكسور বা مفتوح থাকলে همزه وصل مكسور আনতে হয়। যেমন يَضْرِبُ থেকে اِضْرِبْ - يَسْمَعُ থেকে اِسْمَعْ – تَفْتَحُ থেকে اِفْتَحْ আর শেযাক্ষর সাকিন করে দিতে হয়। امر এর মধ্যে نون اعرابى বিলুপ্ত হয়ে যায়। আরنون جمع مؤنث ঠিক অবস্থায় থাকে। শেযে حرف علت থাকলে বিলুপ্ত হয়ে যায়। যেমন تَدْعُوْ থেকে اُدْعُ - تَرْمِىْ থেকে اِرْمِ – تَخْشٰى থেকে اِخْشَ

امر حاضر معروف

اِفْعَلْ ، اِفْعَلَا ، اِفْعَلُوْا ، اِفْعَلِىْ ، اِفْعَلْنَ۔

امر غائب ومتكلم معروف

لِيَفْعَلْ ، لِيَفْعَلَا ، لِيَفْعَلُوْا ، لِتَفْعَلْ ، لِتَفْعَلَا ، لِيَفْعَلْنَ ،
لِاَفْعَلْ ، لِنَفْعَلْ۔

أمر مجهول

لِيُفْعَلْ، لِيُفْعَلَا، لِيُفْعَلُوْا، لِتُفْعَلْ، لِتُفْعَلَا، لِيُفْعَلْنَ، لِتُفْعَلُوْا،

لِتُفْعَلِى، لِتُفْعَلْنَ، لِاُفْعَلْ، لِنُفْعَلْ

امر حاضر معروف بانون ثقيله

اِفْعُلَنَّ ، اِفْعُلَانِّ ، اِفْعُلُنَّ ، اِفْعُلِنَّ ، اِفْعُلْنَانِّ ـ

امر حاضر معروف بانون خفيفه

اِفْعُلَنْ ، اِفْعُلُنْ ، اِفْعُلِنْ

امر غائب ومتكلم معروف بانون ثقيله

لِيَفْعُلَنَّ ، لِيَفْعُلَانِّ ، لِيَفْعُلُنَّ ، لِتَفْعُلَنَّ ، لِتَفْعُلَانِّ ، لِيَفْعُلْنَانِّ ،
لِاَفْعُلَنَّ ، لِنَفْعُلَنَّ ـ

امر غائب متكلم معروف بانون خفيفه

لِيَفْعُلَنْ ـ لِيَفْعُلُنْ ، لِتَفْعُلَنْ ، لِاَفْعُلَنْ ، لِنَفْعُلَنْ ـ

امر مجهول بانون ثقيله

لِيُفْعَلَنَّ ، لِيُفْعَلَانِّ ، لِيُفْعَلُنَّ ، لِتُفْعَلَنَّ ، لِتُفْعَلَانِّ ، لِيُفْعَلْنَانِّ ،
لِتُفْعَلُنَّ ، لِتُفْعَلِنَّ ، لِتُفْعَلْنَانِّ ، لِاُفْعَلَنَّ ، لِنُفْعَلَنَّ ،

এটি مضارع مجهول এর মতই। তবে এতে لام বর্ণ مكسور হয়।

امر مجهول بانون خفيفه

لِيُفْعَلَنْ لِيُفْعَلُنْ لِتُفْعَلَنْ لِتُفْعَلُنْ لِتُفْعَلِنْ لِاُفْعَلَنْ لِنُفْعَلَنْ ـ

দ্বিতীয় পরিচ্ছেদ
اسمائے مشتقه - এর আলোচনা

فعل থেকে ছয়টি **اسم** নির্গত হয়।

(۱) اسم فاعل (۲) اسم مفعول (۳) اسم تفضیل (٤) صفت مشبه (٥) اسم اله (٦) اسم ظرف۔

(১) اسم فاعل ঃ যে اسم مشتق কর্তা বুঝায় তাকে اسم فاعل বলে। ثلاثی مجرد থেকে اسم فاعل সাধারণত ঃ فَاعِلٌ এর ওজনে আসে।

بحث اسم فاعل

فَاعِلٌ ، فَاعِلَانِ ، فَاعِلَيْنِ ، فَاعِلُوْنَ ، فَاعِلِيْنَ ، فَاعِلَةٌ ، فَاعِلَتَانِ ، فَاعِلَتَيْنِ ، فَاعِلَاتٌ

تثنيه এর ছীগায় حالت رفعی তে আলিফ আর حالت نصبی وجری তে یاء হয়। نون تثنيه সর্বদা مکسور হয়। جمع এর ছীগাহয় حالت رفعی তে واؤ ما قبل مرفوع এবং حالت نصبی وجری তে یاء ماقبل ما قبل مفتوح হয়। আর نون جمع সর্বদা مفتوح হয়।

اسم مفعول

সংজ্ঞাঃ اسم مفعول ঐ اسم مشتق কে বলা হয়, যার উপর فَاعِل -এর **فعل** টি প্রয়োগ হয়। এটা ثلاثی مجرد থেকে সাধারণতঃ مَفْعُوْلٌ এর ওজনে আসে।

بحث اسم مفعول

مَفْعُوْلٌ ، مَفْعُوْلَانِ ، مَفْعُوْلَيْنِ ، مَفْعُوْلُوْنَ ، مَفْعُوْلِيْنَ مَفْعُوْلَةٌ ، مَفْعُوْلَتَانِ ، مَفْعُوْلَتَيْنِ ، مَفْعُوْلَاتٌ۔

اسم تفضيل

সংজ্ঞা ঃ যে اسم مشتق অন্যের তুলনায় معنیٔ فاعلیت -এর আধিক্য বুঝায়, তাকে اسم تفضيل বলে। ثلاثی مجرد থেকে اسم تفضيل সাধারণতঃ افعل -এর ওজনে ব্যবহৃত হয়; কিন্তু যে শব্দ রং ও দোষ বুঝায় সে শব্দ থেকে اسم تفضيل উক্ত নিয়মে ব্যবহৃত হয় না। কেননা لون ও عيب এর ক্ষেত্রে افعل ওজনটি صفت مشبه বুঝানোর জন্য ব্যবহৃত হয়। যেমন- اَحْمَرُ ۔ اَعْمٰی অনুরূপ

ভাবে غير ثلاثی مجرد থেকেও اسم تفضيل আসে না।

بحث اسم تفضيل

اَفْعَلُ ، اَفْعَلَانِ ، اَفْعَلِيْنِ ، اَفْعَلُوْنَ ، اَفْعَلِيْنَ، اَفَاعِلُ ، فُعْلٰى ، فُعْلَيَانِ ، فُعْلَيَيْنِ ، فُعَلٌ ، فُعْلَيَاتٌ ـ

افاعل ছীগাহটি جمع مكسر مذكر এর জন্য আর فُعَلٌ ছীগাহটি جمع مكسر مؤنث এর জন্য ব্যবহৃত হয় এবং فُعْلَيَاتٌ ও اَفْعَلُوْنَ ছীগাহ দুটি جمع سالم এর জন্য ব্যবহৃত হয়।

✪ جمع سالم ঃ ঐ جمع কে বলে, যাতে واحد এর ওজন ঠিক থাকে। مذكر এর মধ্যে واو ও نون আসে। আর - مؤنث - এর ক্ষেত্রে الف ও تا আসে।

✪ جمع تكسير ঃ ঐ جمع কে বলে যাতে واحد এর ওজন ঠিক থাকে না।

اسم تفضيل কখনও কখনও معنى مفعوليت -এর আধিক্য বুঝানোর জন্য ব্যবহৃত হয়। যেমন اَشْهَرُ (অধিক প্রসিদ্ধ)

بحث صفت مشبه

সংজ্ঞা ঃ যে اسم مشتق - মাসদারের অর্থের সাথে কোন একটি সত্তার স্থায়ীভাবে গুনান্বিত হওয়া বুঝায়, তাকে صفت مشبه বলে। যেমন- بَصِيْرٌ (চক্ষুষ্মান)[১]

اسم فاعل ও صفت مشبه - এর মধ্যে পার্থক্য নিম্নরূপ ঃ

(১) اسم فاعل কোন সত্তার অস্থায়ীভাবে গুনান্বিত হওয়া বুঝায়। আর صفت مشبه স্থায়ীভাবে গুণান্বিত হওয়া বুঝায়।

(২) اسم فاعل এর ওজন সীমিত কয়েকটি। صفت مشبه এর ওজন প্রচুর।

---

১. স্থায়ীভাবে গুণান্বিত ঃ অর্থাৎ এমনিভাবে গুণান্বিত হয় যে, মাসদারের অর্থটি ঐ সত্তা থেকে কখনও পৃথক হয় না। যেমন আল্লাহর একটি গুনবাচক নাম سميع - কখনও তার থেকে শ্রবণের ক্ষমতা দূর হয়ে যায় না। তাছাড়া سميع এমন একটি সত্তাকে বুঝায় যার শ্রবণশক্তি ঠিক আছে। যখন ইচ্ছা তখনই সে শুনতে পারে। এমন ব্যক্তি যদি তার কান হাত দ্বারা বন্ধ করেও রাখে, তবুও তাকে سميع বলা হবে। তাকে বধির বলা হবে না। কেননা যে ব্যক্তি তাৎক্ষণিকভাবে শুনে তাকেই কেবল سامع বলা হয়। এর বিপরীতে যদি কোন বধির ঘটনাক্রমে শুনে ফেলে তাহলে তাকে سامع বলা যাবে। কিন্তু سميع বলা যাবে না।

(৩) صفت مشبه সর্বদা لازم -ই হয়, যদিও সেটা متعدى থেকে বানানো হয়। সুতরাং سَامِعٌ ও سَمِيْعٌ এর মাঝে পার্থক্য হল এই যে, سَامِعٌ ছীগাহটি এমন একটি সত্তা বুঝায় যিনি তাৎক্ষণিকভাবে শুনেন। এ কারণে তার مَفْعُوْل আসতে পারে। যেমন سَامِعٌ كَلَامَكَ - আর سَمِيْعٌ এমন একটি সত্তা বুঝায় যিনি স্থায়ীভাবে শোনার ক্ষমতা রাখেন। এখানে অন্য কোন বস্তু مَفْعُوْل হওয়া প্রয়োজন হয় না। এর কারণে سَمِيْعٌ كَلَامَكَ বলা যায় না। صفت مشبه - এর ওজন অনেক। যেমন–

صَعُبٌ ، صِفْرٌ ، صُلْبٌ ، حَسَنٌ ، خَشِنٌ ، نَدُسٌ ، زَنَمٌ ، بِلِزٌ ، حُطَمٌ ، جُنُبٌ ، اَحْمَرُ ، كَابِرٌ ، كَبِيْرٌ ، غَفُوْرٌ، جَيِّدٌ ، جَبَانٌ ، هِجَانٌ ـ شُجَاعٌ عَطْشَانٌ ،عَطْشَى ، حُبْلٰى، حَمْرَاءُ ، عُشَرَاءُ - ১

بحث صفت مشبه

حَسَنٌ ، حَسَنَانِ ، حَسَنَيْنِ ، حَسَنُوْنَ ، حَسَنِيْنَ ، حَسَنَةٌ ، حَسَنَتَانِ ، حَسَنَتَيْنِ ، حَسَنَاتٌ ـ

اسم اله

সংজ্ঞা ঃ যে اسم مشتق - فعل সম্পন্ন হওয়ার মাধ্যম বা উপকরণ বুঝায় তাকে اسم اله বলে। اسم اله -এর ওজন প্রধানতঃ তিনটি مِفْعَالٌ ـ مِفْعَلَةٌ ـ مِفْعَلٌ

بحث اسم اله

مِنْصَرٌ، مِنْصَرَانِ ، مِنْصَرَيْنِ ، مَنَاصِرُ ، مِنْصَرَةٌ ، مِنْصَرَتَانِ، مِنْصَرَتَيْنِ ، مَنَاصِرُ ، مِنْصَارٌ ، مِنْصَارَانِ ، مِنْصَارَيْنِ ، مَنَاصِيْرُ ـ

আবার কখনও فاعل -এর ওজনে আসে। যেমন-خَاتَمٌ (মোহর মারার যন্ত্র) عَالَمٌ (জানার যন্ত্র) তবে এ ওজনের মধ্যে معنى اسمى (বিশেষ্যের অর্থ) (غالب) প্রাধান্য। সাধারণতঃ معنىٔ اشتقاقى - এর প্রতি লক্ষ্য করে ব্যবহৃত হয় না। তাই দেখা যায় সকল اله ختم কে خَاتَمٌ বলা হয় না। আবার সকল اله علم কে عَالَمٌ বলা হয় না।

১. قوله صَعُبٌ ؛ باب كَرُمَ (কঠিন) صَعُبٌ - باب سَمِعَ (খালি) صِفْرٌ ـ باب كَرُمَ (শক্ত) صُلْبٌ ـ باب كَرُمَ (ভাল) حَسَنٌ ـ باب كَرُمَ (অমসৃণ) خَشِنٌ ـ باب سَمِعَ (চিন্তিত) نَدُسٌ ـ باب ضَرَبَ (চিন্তিত, ব্যাকুল) زَنَمٌ ـ باب ضَرَبَ (মেধাবী/ চালক) حُطَمٌ ـ باب كَرُمَ (কাপুরুষ) جَبَانٌ (সাদা উট) هِجَانٌ – (লাল রঙের মহিলা) حَمْرَاءُ (দশ মাসের গাভীন উটনী) عُشَرَاءُ

اسم ظرف

সংজ্ঞা ঃ যে اسم مشتق - فعل প্রকাশ পাওয়ার স্থান অথবা সময় বুঝায় তাকে اسم ظرف বলে।

গঠন প্রণালী ঃ اسم ظرف - مضارع এর ছীগাহ থেকে বানাতে হয়। مضارع مضموم العين ও مفتوح العين এবং ناقص থেকে সাধারণতঃ مَفْعَلٌ (عين كلمة তে فتح দ্বারা) -এর ওজনে আসে। যেমন- مَفْتَحٌ . مَنْصَرٌ . مَرْمَى আর مضارع مكسور العين ও مثال থেকে مَفْعِلٌ (عين كلمه তে كسره)-এর ওজনে ব্যবহৃত হয়।

مضاعف - এর ক্ষেত্রে অনেক সরফবিদদের মত এই যে, مضاعف এর اسم ظرف সাধারণতঃ مفتوح العين আসে। তাদের দলীল مَفَرٌّ শব্দটি যেটি يَفِرُّ থেকে গঠিত হয়েছে এবং কুরআন শরীফেও ব্যবহৃত হয়েছে যেমন أَيْنَ الْمَفَرُّ। তবে বিশুদ্ধমত এই যে, مضاعف থেকে اسم . مكسور العين ظرف ই আসে। যেমন- مَحِلٌّ . يَحِلُّ থেকে। এটাও কুরআনে কারীমে আছে যেমন- حَتّٰى يَبْلُغَ الْهَدْىُ مَحِلَّهُ -আর مَفَرٌّ - এর জবাবে আমরা বলব এতে ميم বর্ণটি مصدر ميمى - ظرف এর জন্য নয়।

اسم ظرف দু' প্রকার ঃ ظرف زمان ও ظرف مكان

ظرف زمان - যে اسم ظرف সময় বুঝায়, তাকে ظرف زمان বলে। আর যেটি স্থান বুঝায় তাকে ظرف مكان বলে।

بحث اسم ظرف

مَضْرِبٌ ، مَضْرِبَانِ ، مَضْرِبَيْنِ ، مَضَارِبُ

ظرف কখনও مُفْعُلَةٌ এর ওজনে আসে। যেমন- مُكْحُلَةٌ (সুরমাদানী) ظرف এর কিছু ওজন مكسور العين غير مكسور العين থেকেও ব্যবহৃত হয়। যেমন- مَسْجِدٌ . مَنْسِكٌ . مَطْلِعٌ - مَشْرِقٌ - مَغْرِبٌ ও আসে।[৯]

৯. قوله مسجد ঃ مسجد থেকে শুরু করে مجزر পর্যন্ত সবগুলি ই اسم ظرف مكسور العين বা আইন কালেমা যের বিশিষ্ট। অথচ এর সবগুলিই باب نَصَرَ থেকে আসার কারণে নিয়ম অনুযায়ী مفتوح العين বা আইন কালেমা যবর বিশিষ্ট হওয়ার কথা ছিল। কিন্তু এমনটি হলো না, অতএব বুঝা গেল এ সকল اسم ظرف খেলাফে কিয়াস। مَسْجِدٌ এর মাছদার سجود এর অর্থ সিজদা করা। مَنْسِكٌ এর মাছদার =

ফায়েদা ঃ যে জায়গায় কোন জিনিষ বেশী পরিমাণে পাওয়া যায় সেই জায়গা বুঝানোর জন্য اسم ظرف - مَفْعَلَةٌ -এর ওজনে ব্যবহৃত হয়।
যেমন-مَأْسَدَةٌ - مَقْبَرَةٌ

فعالة ঃ কার্য সম্পাদনের সময় যে সমস্ত জিনিস পড়ে যায়, সেগুলো বুঝানোর জন্য فُعَالَةٌ ওজনটি ব্যবহার করা হয়। যেমন- غُسَالَةٌ | গোসল করার সময় যে পানি ছিটে পড়ে| অনুরূপভাবে كُنَاسَةٌ অর্থাৎ, ঝাঁড়ু দেওয়ার সময় যে সমস্ত ময়লা ছিটে পড়ে যায়।

কুফাবাসীদের মতে مصدر ও مشتقات এর অন্তর্ভুক্ত। এই জন্য তাদের মতে اسمائے مشتقات সাতটি। এর মাসআলার বিস্তারিত বিবরণ "افادات" অধ্যায়ে আসবে।

ثلاثى مجرد : مصدر - এর মাসদারের কোন নির্ধারিত ওজন নেই। তবে غير ثلاثى مجرد- এর ওজন নির্দিষ্ট। যেগুলোর বিস্তারিত বিবরণ সামনে আসছে। আমার উস্তাদ জনাব সাইয়্যেদ মুহাম্মদ সাহেব ثلاثى مجرد - এর অধিকাংশ ওজন হরকত ও مثال সহকারে তার নিজস্ব কবিতায় লিপিবদ্ধ করেছেন। ছাত্রদের উপকারার্থে কবিতাটি এখানে উল্লেখ করা হচ্ছে।

نظم (কবিতা)

وزن مصدر امده اى ذى وقار + از ثلاثى مجرد چهل وچار

শুনে রাখ ثلاثى مجرد -এর মাসদারের ওজন ৪৪টি।

قَتْلُ ودَعْوَى رَحْمَةٌ لَيَّانٌ بفتح + فَعَلُ وفَعْلَى فَعْلَةٌ فَعَلَانٌ بفتح

عين ثالث دان بفتح وكسر هم + هم بخوان در چار مين فتح دوم

উপরে উল্লেখিত চারটি মাসদারের চতুর্থটির দ্বিতীয় অর্থাৎ عين كلمة তে فتح দিয়েও পড়তে পার। (فَعَلَانٌ যেমন سَيَلَانٌ) তৃতীয় মাসদারটির عين كلمة তে فتح ও كسرد উভয়টি দিয়ে পড়তে পার। فَعَلَةٌ যেমন-غَلَبَةٌ আর فَعِلَةٌ যেমন-سَرِقَةٌ)

= نُسُكٌ এর অর্থ কুরবানী করা, দরবেশ হওয়া। مَطْلِعٌ এর মাছদার طُلُوعٌ এর অর্থ উদিত হওয়া, উপরে উঠা। مَشْرِقٌ এর মাছদার شُرُقٌ এর অর্থ সূর্য উদয়। مَغْرِبٌ এর মাছদার غُرُوبٌ এর অর্থ অস্ত যাওয়া। مَجْزِرٌ এর মাছদার جُزُرٌ এর অর্থ জবাই করা।

رِفْسُقٌ ذِكْرٰى نِشْدَةٌ حِرْمَانٌ بكسر + فِعْلٌ وفِعْلٰى فِعْلَةٌ فِعْلَانٌ بكسر

شُغْلٌ بُشْرٰى كُدْرَةٌ غُفْرَانٌ بضم + فُعْلٌ فُعْلٰى فُعْلَةٌ فُعْلَانٌ بضم

مَنْقَبَةٌ مَدْخَلٌ طَلَبٌ قَيْلُوْلَةٌ ست + مَفْعَلَةٌ مَفْعَلٌ فَعَلٌ فَعْلُوْلَة ست

نحو كَيْنُوْنَةٌ شَهَادَةٌ هم كَمَالٌ + فَيْعَلُوْلَه هم فَعَالَةٌ هم فَعَال

پس كَرَاهِيَةٌ شده موزون ان + هم فَعَالِيَةٌ ازين اوزان بدان

এ সকল ওজনের মধ্য থেকে فَعَالِيَة ও একটি। كَرَاهِيَه মাসদারটি এই ওজনে হয়েছে।

عين أول در همه مفتوح خواں × عين رابع گشت مستثنى ازان

(مفعلة থেকে শুরু করে) উল্লেখিত ৮টি মাসদারের প্রথম অর্থাৎ ফা কালেমাও আইন কালেমায় যবর হবে। তবে চতুর্থ মাসদারটির (فَعْلُوْلَةٌ) আইন কালেমা ব্যতিক্রম। অর্থাৎ তাতে সাকিন হবে।

مَحْمِدَه مَرْجِعٌ خَنِقٌ جَبْرُوَّةٌ ست + مَفْعِلَة مَفْعِلٌ فَعِلٌ فَعْلُوَّة ست

چون قَطِيْعَة هم وَمِيْض وكَاذِبَة + هم فَعِيْلَه هم فَعِيْل وفَاعِلَة

عين رابع ساكن ست اے نور عين + اين همه بافتح أول كسر عين

(مفعلة থেকে উল্লেখিত ৭টি মাসদারের সব কটির كلمة فاء-তে যবর ও আইন কালেমায় যের। হে নয়ন মনি চতুর্থটির (فعلوه) আইন কালেমা সাকিন হবে।

مَفْعُلَة مَفْعُوْلٌ هم مَفْعُوْلَةٌ است × مَمْلُكَه مَكْذُوْبٌ هم مَكْذُوْبَةٌ است

هم فَعُوْلٌ وهم فُعُوْلَة هم فُعُوْلٌ × چون قَبُوْلٌ وهم مُهُوْبَه هم دُخُوْلٌ

اين همه بافتح أول ضم عين × خامس وسادس بدان باضمتين

এগুলোতে ফা কালেমায় যবর ও আইন কালেমায় পেশ। পঞ্চম ও ষষ্ঠ নম্বর (فُعُوْلَةٌ ـ فُعُوْلٌ) মাসদারের উভয়টিতে পেশ।

چون صِغَر ديگر دِرَايَة هم فِصَال + هم فِعَل ديگر فِعَالَة هم فِعَال

چون هُدًى ديگر بُغَايَة هم سُؤَالٌ + هم فُعَلٌ ديگر فُعَالَه هم فُعَالٌ

درسه وزن وضمة فاء درسه جا + اندرينها فتح عين وكسرفا

উল্লেখিত ছয়টি মাসদারের আইন কালেমায় যবর, আর প্রথম তিনটিতে ফা

কালেমায় যের এবং শেষের তিনটিতে পেশ হবে।

وزن ان رَغْبَاءُ جَبُّوْرَة بفتح + بعدازان فَعْلَاءُ وفَعُّولَه بفتح

وزنها شد ختم از فضل خدا + در دوم تشديد وضم مرعين را

দ্বিতীয় মাসদারটির (فَعُّوْلَةٌ) আইন কালেমায় তাশদীদ ও পেশ হবে। আল্লাহর মেহেরবানীতে ৪৪ টি ওজন শেষ হল।

✪ ثلاثى مجرد এর فَعْلَةٌ মাসদারটি مَرَّةٌ (একবার) বুঝায়। যেমন- ضَرْبَةٌ একবার মারা। فِعْلَةٌ মাসদারটি نَوْع (প্রকার) বুঝায়। যেমন- صِبْغَةٌ এক প্রকার রং। আর فُعْلَةٌ ওজনটি مقدار বা পরিমাণ বুঝায়। যেমন أُكْلَةٌ. لُقْمَةٌ -

বিশেষ জ্ঞাতব্য ঃ مبالغة বুঝানোর জন্যে কয়েকটি ওজন ব্যবহৃত হয়। فَعَّالٌ যেমন ضَرَّابٌ (অধিক প্রহারকারী) فُعَّالٌ যেমন طُوَّالٌ (দীর্ঘকার) فَعِلٌ যেমন- حَذِرٌ (অধিক ভীত) فَعِيْلٌ যেমন- عَلِيْمٌ (মহাজ্ঞানী)-এ ছাড়াও আরো অনেক ওজন আছে।

اسم تفضيل ও اسم مبالغة-এর মধ্যে পার্থক্য নিম্নরূপ-

لَاتَرْمِنَّ لَاتَرْمِيْنَانِّ لَاأَرْمِيَنَّ لَانَرْمِيَنَّ -

نهى معروف بانون خفيفه

لَايَرْمِيَنْ لَايَرْمُنْ لَاتَرْمِيَنْ لَاتَرْمُنْ لَاتَرْمِنْ لَاأَرْمِيَنْ لَانَرْمِيَنْ -

نہی مجہول بانون خفیفہ - এর ছীগাহসমূহ امر مجہول - এর মতই।

اسم فاعل - رَامٍ رَامِيَانِ رَامُوْنَ رَامِيَةٌ رَامِيَتَانِ رَامِيَاتٌ

رام -এর মধ্যে "ی" সাকিন হয়ে اجتماع ساكنين এর কারণে বিলুপ্ত হয়ে গিয়েছে। আর رَامُوْنَ -এর মধ্যে "ی" বর্ণের হরকত ماقبل কে দেওয়ার পর "ی" কে واؤ দ্বারা পরিবর্তন করে বিলুপ্ত করা হয়েছে। এ ছাড়া অন্য কোন صيغه তে اعلال নেই।

اسم مفعول - مَرْمِيٌّ مَرْمِيَّانِ الخ

এ সকল ছীগাহ হতে ১৪ নং কায়েদা অনুযায়ী "و" "ی" হয়ে "ی" এর মধ্যে এদগাম হয়ে গেল। আর ماقبل এর পেশ যের দ্বারা পরিবর্তন হয়ে গেল।

سمع يسمع থেকে ناقص واوی - اَلرِّضْوَانُ وَالرِّضٰی (সন্তুষ্ট হওয়া/ পছন্দ করা)

رَضِیَ يَرْضٰی رِضًی وَرِضْوَانًا فهو رَاضٍ وَرُضِیَ (يُرْضٰی) رِضًی وَرِضْوَانًا فهو مَرْضِیٌّ الامر منه اِرْضَ والنهی عنه لَاتَرْضَ الظرف منه مَرْضًی والالة منه مِرْضًی ومِرْضَاةٌ ومِرْضَاءٌ وتثنيتهما مِرْضَيَانِ وَمِرْضَيَانِ والجمع منهما مَرَاضٍ ومَرَاضِیُّ افعل التفضيل منه اَرْضٰی والمؤنث منه رُضْيٰی وتثنيتهما اَرْضَيَانِ وَرُضْيَيَانِ والجمع منهما اَرْضَوْنَ واَرَاضٍ ورُضًی ورُضْيَيَاتٌ۔

এ বাবের معروف এর ছীগাহসমূহে دُعِیَ يُدْعٰی - এর মত তালীল হয়েছে। আর مَرْضِیٌّ ছীগাহটি ব্যতীত সকল ছীগাহর তালীল دَعَا يَدْعُوْ - এর ছীগাহসমূহের মত। مَرْضِیٌّ মূলতঃ ছিল مَرْضُوْوٌ - এতে دِلِیٌّ এর কায়দা خلاف قياس জারি হয়েছে। [নতুবা কেয়াসের দাবী ছিল مَدْعُوٌّ এর মত مَرْضُوٌّ হওয়া। কেননা دُلِیٌّ এর কায়েদা فُعُوْلٌ ওজনের মধ্যে জারি হয়। مَفْعُوْلٌ- ওজনে নয়। ভাল করে বুঝে گردان বের করে নিতে হবে।

سمع থেকে اَلْخَشْيَةُ - ناقص يائی الخ (ভয় করা) خَشِیَ يَخْشٰی এই বাবের افعال -এর তালীল رَمٰی - يَرْمِیْ -এর مجہول এর তরীকা অনুযায়ী।

صرف صغير - এর অন্যান্য ছীগাহ সমূহ رَمٰی - يَرْمِیْ -এর صرف صغير এর মত।

اَلْوِقَايَةُ - لفيف مفروق থেকে **باب ضَرَبَ** (হেফাজত করা/ সংরক্ষণ করা)

وَقٰى يَقِىْ وِقَايَةً فهو وَاقٍ و وُقِىَ يُوْقٰى وِقَايَةً فهو مُوْقِىٌّ الامر منه قِ النهى عنه لاَتَقِ الظرف منه مَوْقًى والالة منه مِيْقًى مِيْقَاةٌ مِيْقَاءٌ وتثنيتهما مَوْقَيَانِ ومِيْقَيَانِ والجمع منهما مَوَاقٍ مَوَاقِىُّ افعل التفضيل منه اَوْقٰى والمؤنث منه وُقْيٰى وتثنيتهما اَوْقَيَانِ وُوْقْيَيَانِ والجمع منهما اَوْقَوْنَ واَوَاقٍ وُوْقًى وُوْقْيَيَاتٌ ـ

এ বাবের ফা কালেমায় مثال এর কায়েদা ও লাম কালেমায় ناقص এর কায়েদা জারি হয়েছে।

ماضى معروف : وَقٰى وَقَيَا الخ

শেষ পর্যন্ত رَمٰى ـ رَمَيَا الخ - এর মত।

ماضى مجهول : وُقِىَ وُقِيَا الخ

رُمِىَ الخ -এর মত।

اثبات فعل مضارع معروف

يَقِىْ يَقِيَانِ يَقُوْنَ تَقِىْ تَقِيَانِ يَقِيْنَ تَقُوْنَ تَقِيْنَ اَقِىْ نَقِىْ

يَقِىْ ও সকল ছীগাহর "و" "يَعِدُ" এর কায়েদা অনুযায়ী বিলুপ্ত হয়েছে। আর ى - এর মধ্যে باب رَمٰى يَرْمِىْ - এর কায়েদা জারি হয়েছে।

مضارع مجهول : يُوْقٰى يُوْقَيَانِ الخ

শেষ পর্যন্ত يُرْمٰى الخ এর মত।

نفى تاكيد بلن در فعل مستقبل معروف

لَنْ يَّقِىَ لَنْ يَقِيَا لَنْ يَّقُوْا لَنْ تَقِىَ لَنْ تَقِيَا لَنْ يَّقِيْنَ لَنْ تَقُوْا لَنْ تَقِىْ لَنْ تَقِيْنَ لَنْ اَقِىَ لَنْ نَّقِىَ ـ

لَنْ বর্ণটি صحيح এর মধ্যে যে আমল করে এখানে তা ব্যতীত অন্য কোন পরিবর্তন করেনি। অতএব مضارع তে যে تعليل হয়েছিল তাই বাকী রয়েছে।

مجهول ـ لَنْ يُّوْقٰى لَنْ يُّوْقَيَا الخ

শেষ পর্যন্ত لَنْ يُّرْمٰى এর মতই।

نفى جحد بلم در فعل مضارع معروف

لَمْ يَقِ لَمْ يَقِيَا لَمْ يَقُوْا لَمْ تَقِ لَمْ تَقِيَا لَمْ يَقِيْنَ لَمْ تَقُوْا لَمْ تَقِىْ لَمْ تَقِيْنَ لَمْ اَقِ لَمْ نَقِ ـ

لَمْ يَقِ ও এ ধরনের ছীগাহগুলোর লাম কালেমা জযমের কারণে পড়ে গিয়েছে। বাকী ছীগাহগুলো পূর্বের গর্দানের মতই । অর্থাৎ لن এর গردان যে আকৃতি ছিল তাই এখানে। مجهول ـ لَمْ يُوقَ الخ

শেষ পর্যন্ত لَمْ يُرْمَ الخ এর মত।

لام تاكيد بانون ثقيله در فعل مستقبل معروف

لَيَقِيَنَّ لَيَقِيَانِّ ـ لَيَقُنَّ لَتَقِيَنَّ لَتَقِيَانِّ لَيَقِينَانِّ لَتَقُنَّ لَتَقِنَّ
لَتَقِينَانِّ لَاَقِيَنَّ لَنَقِيَنَّ ـ

লাম কালেমাতে لام كلمة এর لَيَرْمِيَنَّ -এর মত আমল করতে হবে।

مجهول : لَيُوقَيَنَّ الخ শেষ পর্যন্ত لَيُرْمَيَنَّ الخ - এর মত।

نون خفيفه ও এই নিয়মে।

امر حاضر معروف : قِ قِيَا قُوا قِى قِيْنَ

قِ মূলতঃ ছিল تَقِى ـ علامت مضارع বিলুপ্ত করার পরে متحرك ছিল। শেষে ওয়াকফ করার কারণে "ى" বিলুপ্ত হয়ে গিয়েছে। ফলে قِ হয়ে গিয়েছে। অন্যান্য ছীগাহ مضارع থেকে সাধারণ নিয়মানুসারে বানানো হয়েছে।

امرغائب متكلم معروف ـ لِيَقِ لِيَقِيَا لِيَقُوا لِتَقِ لِتَقِيَا لِيَقِيْنَ لِاَقِ لِنَقِ

امر مجهول : لِيُوقَ الخ শেষ পর্যন্ত لِيُرْمَ الخ এর মত।

امر حاضر معروف بانون ثقيله : قِيَنَّ قِيَانِّ قُنَّ قِنَّ قِينَانِّ

امر غائب ومتكلم معروف بانون ثقيله

لِيَقِيَنَّ لِيَقِيَانِّ لِيَقُنَّ لِتَقِيَنَّ لِتَقِيَانِّ لِيَقِينَانِّ لِاَقِيَنَّ لِنَقِيَنَّ

امر مجهول : لِيُوقَيَنَّ الخ

امر حاضر معروف بانون خفيفه ـ قِيَنْ قُنْ قِنْ

امر حاضر مجهول بانون خفيفه : لِيُوقَيَنْ الخ

نهى معروف: لَايَقِ لَايَقِيَا لَايَقُوا لَاتَقِ لَاتَقِيَا لَايَقِيْنَ لَاتَقُوا لَاتَقِى
لَاتَقِيْنَ لَااَقِ لَانَقِ

مجهول : لَايُوقَ الخ

نهى معروف بانون ثقيله : لَايَقِيَنَّ لَايَقِيَانِّ لَايَقُنَّ الخ

نهی مجهول بانون ثقیله : لَایُوْقَیَنَّ لَایُوْقَیَانِّ لَایُوْقَوُنَّ الخ

نهی معروف بانون خفیفه : لَایَقِیَنْ لَایَقُنْ الخ

نهی مجهول بانون خفیفه

لَایُوْقَیَنْ لَایُوْقَوُنْ لَاتُوْقَیَنْ لَاتُوْقَوُنْ لَاتُوْقَیِنْ لَااُوْقَیَنْ لَانُوْقَیَنْ ۔

اسم فاعل ۔ وَاقٍ وَاقِیَانِ وَاقُوْنَ الخ

শেষ পর্যন্ত رَامٍ ۔وَامِیَانِ الخ এর মত।

اسم مفعول : مَوْقِیٌّ الخ

শেষ পর্যন্ত مَرْمِیٌّ এর মত।

باب حَسِبَ থেকে **لفیف مفروق اَلْوِلَایَةُ** (মালিক হওয়া)

وَلِیَ یَلِیَ وَلَایَةً فهو وَالٍ الامر منه لِ والنهی عنه لَاتَلِ الظرف منه مَوْلًی الالة منه مِیْلًی مِیْلَاةٌ وتثنیتهما مَوْلَیَانِ مِیْلَیَانِ والجمع منهما مَوَالٍ ومَوَالِیُّ افعل التفضیل اَوْلٰی و المؤنث منه وُلْیٰی وتثنیتهما اَوْلَیَانِ ووُلْیَیَانِ والجمع منهما اَوَالٍ واَوْلَوْنَ و وُلًی ووُلْیَیَاتٌ ۔

এ ব্যাপারে ছীগাহ সমূহের تعلیل ওপরে উল্লেখিত নিয়মানুসারে -وَقٰی یَقِیْ এর মত করে নিতে হবে। صرف کبیر এর সকল ছীগাহ পড়ে নিতে হবে।

باب ضَرَبَ থেকে **لفیف مقرون- اَلطَّیُّ** পেচানো, ভাঁজ করা।

طوی یطوی الخ

শেষ পর্যন্ত رَمٰی یَرْمِیْ الخ এর মত।

باب افتعال থেকে **ناقص واوی -**

اَلْاِحْتِبَاءُ (উরু খাড়া করে হাঁটুতে হাত বেঁধে বসা)

اِحْتَبٰی یَحْتَبِیْ اِحْتِبَاءً فهو مُحْتَبٍ الامر منه اِحْتَبِ والنهی عنه لَاتَحْتَبِ الظرف منه مُحْتَبًی ۔

এ বাব থেকেই اَلْاِجْتِبَاءُ ۔ ناقص یائی বাছাই করা/ নির্বাচন করা।

اِجْتَبٰی یَجْتَبِیْ اِجْتِبَاءً فهو مُجْتَبٍ واُجْتُبِیَ یُجْتَبٰی اِجْتِبَاءً فهو مُجْتَبًی الامر منه اِجْتَبِ والنهی عنه لَاتَجْتَبِ الظرف منه مُجْتَبًی ۔

لفيف مقرون থেকে باب افتعال

اَلْاِلْتِوَاءُ [১] (পেঁচিয়ে যাওয়া/ ভাঁজ হওয়া) اِلْتَوٰى يَلْتَوِىْ الخ

باب انفعال থেকে ناقص واوى - اَلْاِنْمِحَاءُ (মিটে যাওয়া। বিলুপ্ত হওয়া)

اِنْمَحٰى يَنْمَحِىْ الخ

একই বাব থেকে اَلْاِنْبِغَاءُ - ناقص يائى সমীচীন হওয়া। باب اِنْفِعَال থেকে

ناقص واوى থেকে باب اِسْتِفْعَال (নির্জনবাসী হওয়া) الانزواء - لفيف مقرون

-اَلْاِسْتِغْنَاءُ ناقص يائى থেকে একই বাব। উঁচু হওয়া "اَلْاِسْتِعْلَاءُ" -

বেপরোয়া হওয়া/ অমুখাপেক্ষী হওয়া।

باب اِفْعَال থেকে ناقص واوى - اَلْاِعْلَاءُ উঁচু করা।

اَعْلٰى - يُعْلِىْ - اِعْلَاءً فهو مُعْلٍ واُعْلِىَ يُعْلٰى اِعْلَاءً فهو مُعْلًى الامر منه اَعْلِ والنهى عنه لَاتُعْلِ الظرف منه مُعْلًى -

ناقص يائى এ বাব থেকে - اَلْاِغْنَاءُ - অমুখাপেক্ষী করা। اَغْنٰى يُغْنِىْ الخ

লাফীফে মাফরূক যেমন- "اَلْاِيْلَاءُ" (নিকটবর্তী করা) اَوْلٰى يُوْلِىْ الخ ..-

লাফীফে মাকরূন যেমন-لفيف مقرون (পরিতৃপ্ত করা)

اَحْيٰى الخ (জীবিত করা) اَلْاِحْيَاءُ - اَرْوٰى يُرْوِىْ الخ

باب تفعيل থেকে ناقص واوى - اَلتَّسْمِيَةُ (নাম রাখা)

سَمّٰى - يُسَمِّىْ - تَسْمِيَةً فهو مُسَمٍّ وسُمِّىَ يُسَمّٰى تَسْمِيَةً فهو مُسَمًّى الامر منه سَمِّ والنهى عنه لَاتُسَمِّ الظرف منه مُسَمًّى

এ বাব থেকে ناقص، لفيف ও مهموز لام এর মাসদার تَفْعِلَةٌ [২] ওজনে আসে।

ناقص يائى যেমন- اَلتَّلْقِيَةُ -- لَقّٰى يُلَقِّىْ الخ (ঢেলে দেওয়া)

লাফীফে মাকরূন যেমন- اَلتَّقْوِيَةُ - (শক্তিদান করা) قَوّٰى - يُقَوِّىْ الخ

লাফীফে মাফরূক যেমন- اَلتَّحِيَّةُ (সালাম করা) حَيّٰ - يُحَيِّىْ الخ

---

৫১. اَلْاِلْتِوَاءُ : হযরত আসাতেজায়ে কেরামের নিকট আমার আবেদন এই যে, তারা যেন আগত বাব সমূহের কমপক্ষে "صرف صغير" গর্দান ছাত্রদের দ্বারা করিয়ে নেন।

৫২. تفعلة আবার কখনও شعر এর ওজন ঠিক রাখার জন্যে تفعيل ওজনেও আসে

شعر : هى تنزى دلوها تنزيا × كما تنزى شهلة صبيا

এতে "تنزيا" - باب تفعيل এর মাছদার। এটি মূলতঃ تنزية হওয়ার প্রয়োজন ছিল। কিন্তু شعر এর ওজন ঠিক রাখার জন্য تفعيل ওজনে আনা হল।

একটি প্রশ্ন ঃ আমরা জানি لفيف এ-عين تعليل হয় না। এখানে تَحِيَّةٌ এর আইন কালেমার হরকত নকল করে পূর্বে দেওয়া হলো কেন?

উত্তর ঃ تَحِيَّةٌ মাসদারটি যেমনিভাবে لفيف ঠিক তেমনিভাবে مضاعف ও বটে , এখানে مضاعف এর দিকে লক্ষ্য করে হরকত নকল করা হয়েছে। আর تَقْوِيَةٌ -এর মধ্যে করা হয়নি। কেননা এটি مضاعف নয়।

مفاعلة থেকে اَلْمُغَالَاةُ - ناقص واوى (মহর অতিরিক্ত/ বেশী করা)

غَالٰى - يُغَالِىْ الخ

يائى- اَلْمُرَامَاةُ (পরস্পর তীর নিক্ষেপ কর) رَامٰى - يُرَامِىْ الخ

লাফীফে মাফরূক যেমন- مُوَارَاةٌ (গোপন করা) وَارٰى الخ -

লাফীফে মাকরূন যেমন- اَلْمُدَاوَاةُ (ঔষধ সেবন করানো। চিকিৎসা করা।)

دَاوٰى يُدَاوِىْ الخ মাসদারের "و" ১৬ নং কায়েদা অনুযায়ী যেরের দ্বারা পরিবর্তিত হয়ে গিয়ে "ى" হয়ে গিয়েছে। অতঃপর সাকিন হয়ে حالت رفعى وجرى তে اجتماع ساكنين - এর কারণে বিলুপ্ত হয়ে গিয়েছে।

تَمَنّٰى الخ (আশা করা) اَلتَّمَنِّىْ - ناقص يائى

লাফীফে মাফরূক যেমন-لفيف مفروق -বন্ধুত্ব স্থাপন করা।

লাফীফে মাকরূন যেমন-- اَلتَّقَوِّىْ - শক্তিশালী হওয়া।

تفاعل থেকে تَعَالٰى الخ। اَلتَّعَالِىْ - ناقص واوى বড় হওয়া।

পঞ্চম প্রকার معتل ও مهموز - এর বর্ণনা

باب نَصَرَ থেকে الاَوْلُ - اجوف واوى ও مهموز فا প্রত্যাবর্তন করা। ফেরা।

تصريفه : اٰلَ يَؤُوْلُ اَوْلاً فهو اٰلٍ وَاٰئِلٌ يُؤَالُ اَوْلاً فهو مَؤُوْلٌ الامر منه اُلْ والنهى عنه لا تَؤُلْ الظرف منه مَاٰلٌ والالة منه مِيْوَلٌ ومِيْوَلَةٌ وَمِيْوَالٌ وتثنيتهما مَاٰلاَنِ ومِيْوَلاَنِ والجمع منهما مَاوِلُ مَاوِيْلُ افعل التفضيل منه اَوْلُ والمؤنث منه اُوْلٰى وتثنيتهما اَوْلاَنِ وَاُوْلَيَانِ والجمع منهما اَوْلُوْنَ وَاَوَائِلُ واُوَلٌ واُوْلَيَاتٌ۔

এগুলো قَالَ يَقُوْلُ এর মত। হামযার মধ্যে مهموز এর কায়েদা এবং واو এর মধ্যে معتل এর কায়েদা জারি করে নিবে; কিন্তু যেখানে مهموز ও معتل - এর কায়েদা পরস্পর বিরোধী হয়, সেখান معتل এর কায়েদা প্রাধান্য পাবে। যেমন -يَؤُوْلُ এটি মূলতঃ ছিল يَاْوُلُ এতে رَاْسٌ এর কায়েদা অনুযায়ী হামযাকে

আলিফ দ্বারা পরিবর্তন করা যেত। এদিকে معتل - এর কায়েদা واو - এর হরকত ماقبل কে দেওয়ার দাবি করে। এখানে معتل এর কায়েদাকেই প্রাধান্য দেওয়া হয়েছে।

অনুরূপভাবে أُوُلٌ ছীগাহটি মূলতঃ ছিল أَءْوُلٌ - اٰمَنَ এর কায়েদায় হামযাকে আলিফ দ্বারা পবিরবর্তন করার প্রয়োজন ছিল; কিন্তু এর উপর معتل এর কায়েদাকে প্রাধান্য দিয়ে হরকত নকল করে أَءُوْلٌ বানানো হয়েছে। ফলে أَوُوْلٌ হয়ে গেল।

باب ضَرَبَ থেকে مهموز فا ও اجوف يائى - اَلْاَيْدُ - মজবুত হওয়া, শক্তিশালী হওয়া।

اَدَ - يَئِيْدُ الخ

এগুলি بَاعَ يَبِيْعُ الخ এর মত। এই বাবেও ইতিপূর্বে উল্লেখিত মুলনীতির প্রতি লক্ষ্য রাখতে হবে। সুতরাং يَئِيْدُ এর মধ্যে رَأْسٌ এর কায়েদার উপর يَبِيْعُ-এর কায়েদাকে প্রাধান্য দেওয়া হল। واحدمتكلم - এর ছীগাহ اَئِيْدُ ও অনুরূপ ; কিন্তু শেষ পর্যন্ত দ্বিতীয় হামযাটি اَئِمَّةٌ এর কায়েদা অনুযায়ী "ى" হয়ে যায়।

باب نَصَرَ থেকে مهموز فا ও ناقص واوى - اَلْاَلُوُ- অসতর্ক হওয়া।

اَلَا - يَاْلُوْا اَلُوًّا فهو اٰلٍ وَاُلِىَ يُوْلٰى اَلْوًا فهو مَاْلُوٌّ الامر منه اُوْلُ والنهى عنه لَا تَأْلُ الظرف منه مَاْلًى والالة منه مِيْلًى ومِيْلَاةٌ ومِيْلَاءٌ وتثنيتهما مَاْلَيَانِ وَمِيْلَيَانِ والجمع منهما مَالٍ ومَالِيُّ افعل التفضيل منه اٰلى والمؤنث منه اُلْيٰى وتثنيتهما اٰلَيَانِ وَاُلْيَيَانِ والجمع منهما اَوَالٍ وَاٰلَوْنَ وَاُلًى وَاُلْيَيَاتٌ -

হামযাতে مهموز - এর কায়েদা আর "و" এর মধ্যে ناقص-এর কায়েদা জারী করে নিবে।

باب ضرب থেকে مهموز فا ও ناقص يائى اَلْاِتْيَانُ অর্থঃ আসা।

اَتٰى يَاْتِىْ الخ

এই বাবের ছীগাহসমূহ رَمٰى يَرْمِىْ الخ এর মত।

باب فتح থেকে اَلْاِبَاءُ (অস্বীকার করা) ابى يابى

باب ضرب থেকে مهموز فا ও لفيف مقرون - اَلْاَىُّ (আশ্রয় নেওয়া।)

اَوٰى - يَاْوِىْ الخ - طَوٰى الخ এর মত।

باب ضَرَبَ থেকে مهموز عين ও مثال واوى

الـواد (জীবিত দাফন করা) وَأَدَ - يَئِدُ الخ - وَعَدَ - يَعِدُ এর মত।

باب فَتَحَ থেকে **مهموز عين** ও **ناقص يائى ـ اَلرُّؤْيَةُ** । (দর্শন করা, জানা, দেখা)

رَأٰى ـ يَرٰى ـ رُؤْيَةً فهو رَاءٍ ورُئِىَ يُرٰى رُؤْيَةً فهو مَرْئِىٌّ الامر منه رَ والنهى عنه لاَتَرَ الظرف منه مَرْأًى والالة منه مِرْأًى ومِرْأَةٌ ومِرْاءٌ وتثنيتهما مَرْئَيَانِ وَمِرْئَيَانِ والجمع منهما مَرَاءٍ وَمَرَائِىٌّ افعل التفضيل منه أَرْأٰى والمؤنث منه رُؤْىٰ وتثنيتهما أَرْئَيَانِ ورُؤْيَيَانِ والجمع منهما أَرَاءٍ وأَرْأَوْنَ ورُأًى ورُؤْيَيَاتٌ

আমরা ইতিপূর্বে উল্লেখ করেছি যে, يَسْأَلُ - এর কায়েদা এই বাবের فعل সমূহের ক্ষেত্রে ওয়াজিব। اسم সমূহের ক্ষেত্রে নয়। এই কথাটি লক্ষ্য রেখে ناقص এর কায়েদা অনুযায়ী সকল ছীগাহ পড়ে নিবে। আমরা শিক্ষাদানের জন্য صرف كبير ও এখানে উল্লেখ করছি। কেননা এই বাবের ছীগাহসমূহ কিছুটা জটিল।

اثبات فعل ماضى معروف

رَأٰى ـ رَأَيَا ـ رَأَوْ ـ رَأَتْ ـ رَأَتَا ـ رَأَيْنَ

শেষ পর্যন্ত رَمٰى الخ এর মত। তবে এতে হামযার মধ্যে بين بين হতে পারে। **مجهول** رُئِىَ الخ শেষ পর্যন্ত رُمِىَ الخ এর মত।

اثبات فعل مضارع معروف

يَرٰى ـ يَرَيَانِ ـ يَرَوْنَ ـ تَرٰى ـ تَرَيَانِ ـ يَرَيْنَ ـ تَرَوْنَ ـ تَرَيْنَ ـ أَرٰى ـ نَرٰى ـ

يَرٰى মূলতঃ يَرْأَىُ ছিল। يَسْأَلُ - এর কায়েদা অনুযায়ী হামযার হরকত তার পূর্বে দিয়ে সেটিকে বিলোপ করা হয়েছে। ফলে يَرَىُ হয়ে গেল। এবার ৭নং কায়েদা অনুযায়ী "ى" আলিফ হয়ে গেল। تثنيه ব্যতীত সকল ছীগাহয় এইভাবে تعليل হয়েছে। আর تثنيه তে শুধুমাত্র يَسْأَلُ এর কায়েদা প্রযোজ্য হয়েছে। تثنيه এর আলিফ مانع থাকার কারণে "ى" আলিফ দ্বারা পরিবর্তিত হয়নি।

يَرَوْنَ ও تَرَوْنَ[১] ছীগাহদ্বয়ের মধ্যে আলিফ "و" এর সাথে এবং واحد مؤنث حاضر - এর ছীগাহ تَرَيْنَ - এর মধ্যে "ى" এর সাথে মিলে التقاء ساكنين - এর কারণে বিলুপ্ত হয়ে গিয়েছে।

১.. يَرَوْنَ ও تَرَوْنَ ঃ এ দুটি মূলতঃ ছিল يَرْأَيُوْنَ ও تَرْأَيُوْنَ আর تَرَيْنَ মূলত ছিল تَرْأَيِيْنَ - তোমরা চিন্তা ভাবনা করে تعليل বের করে নিবে। মুসান্নেফ রহ. সংক্ষিপ্ত বর্ণনা করে গিয়েছেন।

مجهول : يُرٰى الخ

এর معروف - تعليل এর মত।

نفي تاكيد بلن معروف ومجهول

لَنْ يُّرٰى۔ لَنْ يُّرَيَا ۔ لَنْ يُّرَوْا الخ

لَنْ বর্ণটি لَنْ يَّخْشٰى ও لَنْ يَّرْضٰى এর মত ও يُرٰى ও তার সাদৃশ ছীগাহসমূহে আলিফের মধ্যে কোন আমল করে নাই। আর অন্যান্য ছীগাহসমূহে ঠিক ঐ ভাবে আমল করেছে যেভাবে صحيح-এর মধ্যে করে থাকে। مضارع - এর মধ্যে যে সমস্ত تعليل ছিল সেগুলিই এখানে বাকী আছে।

نفي جحد بلم معروف ومجهول

لَمْ يُرَ ۔ لَمْ يُرَيَا ۔ لَمْ يُرَوْا ۔ لَمْ تُرَ ۔ لَمْ تُرَيَا ۔ لَمْ يُرَيْنَ ۔ لَمْ تُرَوْا ۔ لَمْ تُرَيْ ۔

لَمْ تُرَيْنَ ۔ لَمْ اُرَ ۔ لَمْ نُرَ ۔

لَمْ يَرَ মূলতঃ يَرٰى ছিল। لَمْ আসার কারণে শেষ বর্ণ থেকে আলিফ বিলুপ্ত হয়ে গিয়েছে। ফলে لَمْ يَرَ হয়েছে। لَمْ تَرَ ۔ لَمْ اَرَ ও لَمْ نَرَ তেও এভাবেই তালীল হয়েছে। বাকী ছীগাহসমূহের সহীহের মত আমল করেছে। مضارع তে যে تعليل হয়েছে এখানে তার চেয়ে বেশী কিছু হয় নাই।

لام تاكيد بانون تاكيد ثقيله در فعل مستقبل معروف ومجهول

لَيُرَيَنَّ ۔ لَيُرَيَانِّ ۔ لَيُرَوُنَّ ۔ لَتُرَيَنَّ ۔ لَتُرَيَانِّ ۔ لَيُرَيْنَانِّ ۔ لَتُرَوُنَّ ۔ لَتُرَيِنَّ ۔

لَتُرَيْنَانِّ ۔ لَاُرَيَنَّ ۔ لَنُرَيَنَّ ۔

لَيُرَيَنَّ মূলতঃ يُرٰى ছিল। শুরুতে لام تاكيد এবং শেষে نون ثقيله যুক্ত হয়েছে। نون ثقيله তার পূর্বে যবর চায়, এ দিকে আলিফ হরকত গ্রহণের উপযুক্ত নয়। তাই "ى" কে যেটি الف এর আসল রূপ ছিল তাকে ফিরিয়ে এনে যবর দেয়া হয়েছে। ফলে لَيُرَيَنَّ হয়ে গেল। ঠিক একই অবস্থা لَتُرَيَنَّ ۔ لَاُرَيَنَّ ও لَنُرَيَنَّ এর ক্ষেত্রে।

لَيُرَوُنَّ মূলতঃ يُرَوْنَ ছিল। لام تاكيد ও نون ثقيله যোগ করে نون اعرابى বিলুপ্ত করার পর "و" ও "ن" এর মাঝে اجتماع ساكنين এর সৃষ্টি হয়। "و" বর্ণটি غير مدة থাকার কারণে সেটিকে পেশ দেওয়া হয়েছে। ফলে لَيُرَوُنَّ হয়ে গেল। لَتُرَوُنَّ ও অনুরূপ।

واحد مؤنث حاضر - এর ছীগাহ لَتَرَيِنَّ - এর মধ্যকার نون اعرابی বিলুপ্ত করার পর "ی" কে যের দেওয়া হয়েছে।

لام تاكيد بانون خفيفه

لَيَرَيَنْ ـ لَيَرَوُنْ ـ لَتَرَيَنْ ـ لَتَرَوُنْ ـ لَتَرَيِنْ ـ لَأَرَيَنْ ـ لَنَرَيَنْ ـ

امر حاضر معروف

رَ ـ رَيَا ـ رَوْا ـ رَىْ ـ رَيْنَ ـ

رَ মূলতঃ تَرٰى ছিল। علامت مضارع বিলুপ্ত করার পরে متحرك ছিল বলে ও همزه وصل এর প্রয়োজন হয়নি। শেষে ওয়াকফ করার কারণে আলিফ বিলুপ্ত হয়ে গেল। ফলে رَ রয়ে গেল।

বাকী ছীগাহসমূহে علامت مضارع বিলুপ্ত করার পর نون اعرابی বিলুপ্ত হয়ে গিয়েছে। তবে جمع مؤنث - এর ছীগাহ رَيْنَ - এর মধ্যে نون جمع مؤنث এর কারণে উহার শেষে কোন পরিবর্তন হয় নাই।

امر غائب ومتكلم معروف

لِيَرَ ـ لِيَرَيَا ـ لِيَرَوْا ـ لِتَرَيَا ـ لِيَرَيْنَ ـ لِأَرَ ـ لِنَرَ

لَمْ يَرَ এর মত تعليل করে নিতে হবে।

لِيُرَ الخ। امر مجهول ও অনুরূপ।

امرحاضر معروف بانون ثقيله

رَيَنَّ ـ رَيَانِّ ـ رَوُنَّ ـ رَيِنَّ ـ رَيْنَانِّ

رَيَنَّ আসলে ছিল رَ . نون ثقيله যুক্ত হওয়ার কারণে وقف যাহা حرف علت বিলুপ্ত হওয়ার কারণ ছিল তা শেষ হয়ে যাওয়াতে حرف علت ফিরে এসেছে। কিন্তু যে আলিফটি বিলুপ্ত হয়েছিল সেটি হরকত গ্রহণের উপযুক্ত ছিল না। এদিকে نون ثقيله তার পূর্বে যবর চায়। এ কারণে আলিফের মূলে যে ی ছিল সেটি ফিরিয়ে এনে যবর দেয়া হলো। ফলে رين হয়ে গেল।

رَوُنَّ ও رَيِنَّ এর মধ্যে "ی" ও "و" যে দুটি غير مده ছিল, اجتماع ساكنين - এর কারণে যথাক্রমে পেশ ও যের দেওয়া হলো।

امر بالام نون ثقيله এর ছীগাহসমূহ فعل مضارع نون ثقيله - এর মত। তবে পার্থক্য এতটুকু যে, امر - এর লাম যের যুক্ত আর مضارع এর লাম যবর যুক্ত হয়।

امر حاضر معروف بانون خفيفه

رَيُنْ - رَوُنْ - رَيِنْ

امر بالام কে এর উপর কিয়াস করে নিবে।

نہی معروف مجهول : لَايُرَ الخ

نہی بانون ثقيله : لَايُرَيَنَّ الخ

শেষ পর্যন্ত امربانون ثقيله এর ছীগাহর মত تعليل করে নিতে হবে।

نہی بانون خفيفه

لَايُرَيَنْ - لَايُرَوُنْ - لَاتُرَيَنْ - لَاتُرَوُنْ - لَاتُرَيِنْ - لَاأُرَيَنْ - لَانُرَيَنْ

اسم فاعل

رَاءٍ رَائِيَانِ رَاؤُنَ رَائِيَةٌ رَائِيَانِ

رَامٍ الخ এর মত।

اسم مفعول

مَرْئِيٌّ - مَرْئِيَّانِ الخ

শেষ পর্যন্ত مَرْمِيٌّ এর মত।

اَلْمَجِيْئُ - اجوف يائی ও مهموز لام باب ضَرَبَ থেকে আসা।

جَاءَ يَجِيْئُ مَجِيْئًا فهو جَاءٍ وجِيئَ يُجَاءُ مَجِيْئًا فهو مَجِيْئٌ الامر منه جِئْ الخ -

শেষ পর্যন্ত بَاعَ يَبِيْعُ এর মত। তবে اسم فاعل- এর ছীগাহ جَاءٍ কিছুটা ব্যতিক্রম جَاءٍ মূলতঃ ছিল جَايِئٌ - بَائِعٌ - এর নিয়মে تعليل হয়ে রূপ দাঁড়ালো جَاءِئٌ - এবার দুই همزه متحرك - এর কায়েদার ভিত্তিতে দ্বিতীয় হামযাটি ى দ্বারা পরিবর্তিত হয়ে جَائِيٌ হলো। অতঃপর رَامٍ এর কায়েদা অনুযায়ী جَاءٍ হয়ে গেল।

صرف كبير - এর সকল ছীগাহ بَاعَ - এর صرف كبير - এর মত। তবে যেখানে হামযা সাকিন সেখানে همزه ساكنه - এর কায়েদা অনুযায়ী পরিবর্তন হবে। সুতরাং جِئْنَ الخ এর ক্ষেত্রে হামযারা পূর্বে যের থাকার কারণে হামযাকে ى দ্বারা পরিবর্তন করা জায়েয আছে।

তাছাড়া হামযার মধ্যে কায়েদার চাহিদা অনুযায়ী بين بين قريب ও بين بين بعيد জায়েয আছে।

ফায়েদা ঃ مهموز لام ও اجوف يائ যা شَاءَ۔يَشَاءُ۔مَشِيْئَةٌ باب سَمِعَ থেকেও হতে পারে। আবার بَاب فَتَحَ থেকেও। কেননা এতে লাম কালেমায় حرف حلقى আছে। আর ماضى এর আইন কালেমার যের স্পষ্ট নয়। কেননা شِئْنَ এর পূর্বের ছীগাহসমূহে ى আলিফ দ্বারা পরিবর্তন হয়ে গিয়েছে। আর আলিফের আসল يائے مكسوره ও হতে পারে, আবার مفتوحه ও হতে পারে। এদিকে شِئْنَ থেকে শেষ পর্যন্ত ছীগাহসমূহে ফা কালেমার যের যেমনিভাবে كسره عين এর কারণে সম্ভব তেমনিভাবে يائى হওয়ার কারণে যবর থাকা সত্ত্বেও ফা কালেমার যের হওয়া সম্ভব, যেমনটি হয়েছে। بِعْنَ এর মধ্যে। এর কারণে صراح নামক অভিধানের লেখক شَاءَ কে فَتَحَ থেকে আর কতিপয় অভিধান রচয়িতা سَمِعَ থেকে গণ্য করেছেন।

ফায়েদা ঃ امر حاضر এর ছীগাহ جِئْ এবং مضارع - এর জযমযুক্ত ছীগাহসমূহ যেমন- لَمْ يَجِئْ ইত্যাদিতে হামযা ى হয়ে যায়। আর لَمْ ও شَاءَ يَشَأْ ইত্যাদিতে আলিফ হয়ে যায়। তবে এই সকল حرف علت বাকী থাকবে বিলুপ্ত হবে না। কেননা এ হামযাদ্বয় আসলী। আর خَطِيْئَةٌ এর কায়েদা مدة زائدة এর জন্য প্রযোজ্য।[১]

مَجَابِئُ (جمع ظرف) ও এরকম ছীগাহগুলির মধ্যে ى আসল হওয়ার কারণে ১৮ নং কায়দার ভিত্তিতে হামযা দ্বারা পরিবর্তন হয় নাই।[২]

তৃতীয় পরিচ্ছেদ ঃ مضاعف এর বর্ণনা

এখানে দুটি প্রকার রয়েছে।

প্রথম প্রকার ঃ مضاعف - এর নিয়মাবলী রূপান্তর প্রসঙ্গে

কায়েদা-১ এক জাতীয় দুইটি হরফ বা নিকটতম মাখরাজের দুটি হরফের মধ্যে প্রথমটি সাকিন হলে দ্বিতীয়টির মধ্যে ইদগাম হয়ে যায়। চাই হরফ দুটি একই কালেমায় হোক। যেমন- عَبَدْتُّمْ۔ شَدَّ۔ مَدَّ অথবা ভিন্ন ভিন্ন কালেমায়। যেমন -اِذْهَبْنَا ۔ عَصَوْا وَّكَانُوْا তবে প্রথমটি مده হলে ইদগাম করা হয় না। যেমন- فِىْ يَوْمٍ

১. غير مده ছিলঃ এখানে এ দিকে ইঙ্গিত রয়েছে যে, হরকত "مدة" এর উপর জায়েয নেই। غير مده এর উপর জায়েয, যেমনটি পূর্বে অতিবাহিত হয়েছে।

২. مجابئ - এটি একটি উহ্য প্রশ্নের জওয়াব। প্রশ্নটি এই যে, مجاى ছীগাহটির মধ্যে "ى" الف مفاعل এর পরে এসেছে। সুতরাং এতে ১৮ নং (عجائزএর) নিয়মানুসারে "ى" হামযা হয়ে গেল না কেন?

কায়েদা –২ যদি একই কালেমায় এক জাতীয় দুইটি হরফ متحرك হয় এবং প্রথমটির পূর্বেরটিও متحرك হয়, তাহলে প্রথমটিকে সাকিন করে দ্বিতীয়টির মধ্যে ইদগাম করতে হয়। যেমন- مَدَّ ও فَرَّ তবে শর্ত হলো اسم متحرك العين না হওয়া। যেমন- شُرُرٌ ـ سُرُرٌ এগুলোতে ইদগাম হবে না।

কায়েদা– ৩ যদি দুইটি এক জাতীয় দুইটি হরফ বা নিকটতম মাখরাজের দুইটি হরফের প্রথমটির পূর্বের হরফ সাকিন غير مدة হয়, তাহলে প্রথমটির হরকত পূর্বে দিয়ে ইদগাম করে দিতে হয়। যেমন–يَفِرُّ - يَمُدُّ ও يَعَضُّ মূলতঃ يَمْدُدُ - يَفْرِرُ ও يَعْضَضُ ছিল। তবে শর্ত হলো ملحق না হওয়া। এই কারণে جلبب এর মধ্যে অত্র কায়েদা জারি হবে না।

কায়েদা –৪ যদি প্রথমটির পূর্বে মদ্দের হরফ হয়, তাহলে হরকত নকল করা ছাড়াই প্রথমটিকে সাকিন করে দ্বিতীয়টির মধ্যে এদগাম করে দিতে হয়। [৫৬] যেমন-حَاجَّ ـ مُوُدَّ

কায়েদা –৫ যদি এদগামের পর দ্বিতীয় হরফে امر এর ওয়াকফ অথবা অন্য কোন حرف جازم এর কারণে جزم আসে তাহলে দ্বিতীয় হরফে যবর, যের ও فك ادغام তিনটিই জায়েয। যেমন- فِرَّ ـ فِرِّ ـ اِفْرِرْ আর যদি ما قبل اول পেশ যুক্ত হয়, তাহলে পেশও দেওয়া যেতে পারে। যেমন- لَمْ يَمُدُّ

باب نَصَرَ থেকে مضاعف যেমনঃ اَلْمَدُّ (টানা)

اثبات فعل ماضى معروف

مَدَّ ـ يَمُدُّ ـ مَدًّا ـ فهو مَادٌّ ومُدَّ ـ يُمَدُّ ـ مَدًّا ـ فهو مَمْدُوْدٌ ـ الامر منه مُدَّ ـ مُدِّ ـ مُدُّ ـ اُمْدُدْ والنهى عنه لَاتَمُدَّ ـ لَاتَمُدِّ ـ لَاتَمُدُّ ـ لَاتَمْدُدْ ـ والظرف منه مَمَدٌّ ـ الالة منه مِمَدٌّ ومِمَدَّةٌ ومِمْدَادٌ وتثنيتهما مَمَدَّانِ ومِمَدَّانِ والجمع منهما مَمَادٌّ ومَمَادِيْدُ افعل التفضيل منه اَمَدُّ والمؤنث منه مُدَّى وتثنيتهما اَمَدَّانِ ومُدَّيَانِ والجمع منهما اَمَدُّوْنَ اَمَادُّ ومُدَدٌ ـ مُدَّيَاتٌ ـ

مَدَّ ـ يَمُدُّ মূলতঃ مَدَدَ ছিল। ২ নং কায়দায় ইদগাম করা হয়েছে। مُدَّ ও অনুরূপ। يُمَدُّ - ও এর মধ্যে ৩ নং কায়েদায় ইদগাম হয়েছে।

---

৫৬. حاج- এটি বাবে مفاعله এর واحدمذكرغائب এর ছীগাহ। মূলতঃ ছিল ـ قاتل حاجج এর ওজনে। مود ও এই বাবের ماضى مجهول - এর ছীগাহ, قوتل ওজনে।

اسم فاعل - এর ছীগাহ مَادٌّ ইসমে জরফ ও ইসমে আলা এর জমা مَمَادٌّ এবং اسم تفضيل এর ছীগাহ اَمَادٌّ-এর মধ্যে চার নম্বর কায়দা কার্যকর হয়েছে।

اسم فاعل - এর ছীগাহ ماد ـ واله ـ جمع ظرف ـ جمع ও مَمَاد - اسم تفضيل এর ছীগাহ اَمَادّ-এর মধ্যে ৫ নম্বর কায়েদা কার্যকর হয়েছে।

اثبات فعل ماضى معروف

مَدَّ ـ مَدَّا ـ مَدُّوْا ـ مَدَّتْ ـ مَدَّتَا ـ مَدَدْنَ ـ مَدَدْتَ ـ مَدَدْتُمَا ـ مَدَدْتُمْ ـ

مَدَدْتِ ـ مَدَدْتُنَّ ـ مَدَدْتُ ـ مَدَدْنَا ـ

مَدَدْنَ থেকে শেষ পর্যন্ত দ্বিতীয় د সাকিন থাকার কারণে প্রথম د ইদগাম করা হয় নাই ও ت কাছাকাছি মাখরাজের হওয়ার কারণে مَدَدْتَّ থেকে পর্যন্ত ইদগাম হয়েছে।

اثبات فعل ماضى مجهول

مُدَّ ـ مُدَّا ـ مُدُّوْا ـ مُدَّتْ ـ مُدَّتَا ـ مُدِدْنَ ـ مُدِدْتَّ ـ مُدِدْتُّمَا مُدِدْتُّمْ ـ

مُدِدْتِّ ـ مُدِدْتُّنَّ ـ مُدِدْتُّ ـ مُدِدْنَا ـ

مضارع معروف - يَمُدُّ ـ يَمُدَّانِ ـ يَمُدُّوْنَ الخ

مجهول - এর ছীগাহও অনুরূপ।

نفى بلن - لَنْ يَمُدَّ ـ لَنْ يَمُدَّا ـ لَنْ يَمُدُّوْا الخ

لَنْ বর্ণটি صحيح -এর মধ্যে যে আমল করে এখানেও ঠিক সেই আমল করেছে। مضارع এর ইদগাম আগের নিয়মে হয়েছে। مجهول ও অনুরূপ।

نفى جحد بلم معروف

لَمْ يَمُدَّ ـ لَمْ يَمُدِّ ـ لَمْ يَمُدُّ ـ لَمْ يَمْدُدْ لَمْ يَمُدَّا لَمْ يَمُدُّوْا لَمْ تَمُدَّ لَمْ تَمُدِّ

لَمْ تَمُدُّ لَمْ تَمْدُدْ لَمْ تَمُدَّا لَمْ يَمْدُدْنَ لَمْ تَمُدُّوْا لَمْ تَمُدِّىْ لَمْ تَمْدُدْنَ ـ

لَمْ اَمُدَّ لَمْ اَمُدِّ لَمْ اَمُدُّ لَمْ اَمْدُدْ لَمْ نَمُدَّ لَمْ نَمُدِّ لَمْ نَمُدُّ لَمْ نَمْدُدْ ـ

لَمْ يَمُدَّ ও এর সাথে সাদৃশ্যপূর্ণ ছীগাহগুলিতে ৫নং কায়দা জারি হয়েছে। مجهول এর ছীগাহসমূহ معروف -এর উপর কিয়াস করে নিবে।

لام تاكيد بانون ثقيله درفعل مستقبل معروف

لَيَمُدَّنَّ ـ لَيَمُدَّانِّ الخ

শেষ পর্যন্ত সহীহ এর মত مضارع -এর ইদগাম নিজস্ব অবস্থায় বাকী আছে। مجهول ও অনুরূপ।

نون خفيفه معروف

لَيَمُدَّنْ لَيَمُدُّنْ الخ وهكذا مجهول

امر حاضر معروف

مُدَّ ـ مُدِّ ـ مُدُّ ـ اُمْدُدْ ـ مُدَّا ـ مُدُّوا ـ مُدِّى ـ اُمْدُدْنَ

واحدمؤنث حاضر ও جمع مذكر-تثنيه -এর মধ্যে فك ادغام জায়েয নেই। কেননা জযম ও وقف - এর স্থান দ্বিতীয় "د" নয়। এ কারণে قصيده برده[1] - এর "فَمَا لِعَيْنَيْكَ اِنْ قُلْتَ اكْفُفَا هَمَتَا" شعر[2]-এর মধ্যকার "اكففا" ছীগাহটিকে ভুল সাব্যস্ত করা হয়েছে।[3]

امر بالام معروف ومجهول

نفى جحد بلم এর মত।

امر حاضر معروف بانون ثقيله – مُدَّنَّ مُدَّانِّ مُدُّنَّ مُدِّنَّ اُمْدُدْنَانِّ ـ

مُدَّنَّ এর মধ্যে যেহেতু وقف বাকী নেই, সেহেতু "د" বর্ণে যবর ব্যতীত পেশ, যের অথবা فك ادغام জায়েয নেই।

بانون خفيفه :– مُدَّنْ ـ مُدُّنْ ـ مُدِّنْ

امر بالام কেও এর উপর কিয়াস করে নিবে।

---

১. قصيده برده - ইহা আরবী ভাষায় একটি প্রসিদ্ধ কবিতা। শাইখ মুহাম্মদ বুসীরী রহ. নবী করীম ﷺ এর শানে লিখেছেন। জনাব বুসীরী রহ. একজন বিশিষ্ট বুযুর্গ ছিলেণ। তিনি শ্বেত রোগে আক্রান্ত ছিলেন। সুস্থতার উদ্দেশ্যে এই কবিতা অত্যন্ত এখলাছের সাথে লিখেছেন। স্বপ্নে নবী করীম ﷺ এর যিয়ারত লাভ করেন। তিনি এই কবিতা হুজুরের খেদমতে পেশ করলে রাসূলুল্লাহ ﷺ অত্যন্ত খুশি হলেন। অতঃপর হুজুর ﷺ নিজের হাত দ্বারা বুসীরী রহ.এর শরীর মুছে দিলেন। এবং নিজের চাদরটি তাকে দিয়ে দিলেন। যখন তিনি জাগ্রত হলেন, তখন তার রোগ আরোগ্য হয়ে গেল। এমনকি রোগের কোন চিহ্নও বাকী রইল না।
তাছাড়া যে চারদটি তিনি স্বপ্নে পেয়েছিলেন সেটি জাগ্রত হওয়ার পরও নিজের হাতে দেখতে পেলেন। আরবীতের চাদরকে "بردة" বলা হয়। এ কারণে এই কবিতাটি قصيده برده নামে প্রসিদ্ধ।

২. لِعَيْنَيْكَ الخ ঃ দ্বিতীয় পংক্তি এই যে-
وَمَا لِقَلْبِكَ اِنْ قُلْتَ اسْتَفِقْ يَهِم পূর্ণ কবিতারটির অর্থঃ
"তোমার চোখের কি হল যে, তাকে যখন বলা হয় (কান্না থেকে) বিরত থাক, তখন সেটি প্রবাহিত হতে থাকে।" আর তোমার অন্তরের কি হল যে, যখন তাকে বলা হয় যে, জাগ্রত হতও, তখন সেটি (প্রেমিকার ধ্যানে) ডুবে যায়।

৩. همتا ঃ صيغة تثنيه مؤنث غائب =– هما - يهمى - همىا এর অর্থ "প্রবাহিত হওয়া" দ্বিতীয় مصرعه তে "يهم" ছীগাহটি الوهم থেকে নির্গত।

نہی معروف :– لَايَمُدَّ ـ لَايَمُدِّ لَايَمُدُّ لَايَمْدُدْ لَايَمُدَّا لَايَمُدُّوْا الخ

যেভাবে امر এর মধ্যে জেনে এসেছে সেভাবেই نون ثقيله خفيفه এর نہی মধ্যেও লাগিয়ে নিবে।

اسم فاعل : مَادٌّ مَادَّانِ مَادُّوْنَ مَادَّةٌ مَادَّتَانِ مَادَّاتٌ

ইহার এদগামের পদ্ধতি পূর্বে বর্ণনা করা হয়েছে (অর্থাৎ 8 নং কায়েদা)

اسم مفعول : مَمْدُوْدٌ الخ

শেষ পর্যন্ত সহীহের মত।

باب ضَرَبَ থেকে **مضاعف "اَلْفِرَارُ"** (পলায়ন করা) ১

فريفر ...... الظرف منه مفر

باب سَمِعَ '' থেকে **مضاعف "اَلْمَسُّ"** (স্পর্শ করা) মَسَّ يَمَسُّ الخ ২

ইতিপূর্বে তুমি যে নিয়ম জেনে এসেছ, সে অনুযায়ী مَدَّ এবং فَرَّ এর মত এই বাবের ছীগাহসমূহ পড়ে নিবে।

باب اِفْتِعَال থেকে **مضاعف** যেমন- **اَلْاِضْطِرَارُ** (জোরে কোন দিকে টানা)

اِضْطَرَّ يَضْطَرُّ اِضْطِرَارًا فهو مُضْطَرٌّ وَاُضْطُرَّ يُضْطَرُّ اِضْطِرَارًا فهو مُضْطَرٌّ الامر منه اِضْطَرَّ اِضْطَرِّ اِضْطَرِرْ والنهى عنه لَاتَضْطَرَّ لَاتَضْطَرِّ لَاتَضْطَرِرْ الظرف منه مُضْطَرٌّ

এই বাবের فاعل ، مفعول ও ظرف একই আকার ধারণ করেছে। তবে فاعل এর মূলে ছিল مفتوح العين আর مفعول ও ظرف এর মূলে مكسور العين।

باب اِنْفِعَالٌ থেকে **اَلْاِنْسِدَادُ** (বন্ধ হওয়া) اِنْسَدَّ يَنْسَدُّ الخ

باب اِسْتِفْعَال থেকে **اَلْاِسْتِقْرَارُ** (স্থির হওয়া)

اِسْتَقَرَّ يَسْتَقِرُّ اِسْتِقْرَارًا فهو مُسْتَقِرٌّ وَاُسْتُقِرَّ يُسْتَقَرُّ اِسْتِقْرَارًا فهو مُسْتَقَرٌّ الامر منه اِسْتَقِرَّ اِسْتَقِرِّ اِسْتَقْرِرْ والنهى عنه لَاتَسْتَقِرَّ لَاتَسْتَقِرِّ والظرف منه مُسْتَقَرٌّ

باب اِفْعَال থেকে **اَلْاِمْدَادُ** (সাহায্য করা)।

اَمَدَّ يُمِدُّ اِمْدَادًا فهو مُمِدٌّ وَاُمِدَّ يُمَدُّ اِمْدَادًا فهو مُمَدٌّ الامر منه اَمِدَّ اَمِدِّ

---

১. مَفَرٌّ ঃ এতে "فاء" বর্ণে যবর দেওয়া ঠিক না। বিস্তারিত বিবরণ কিতাবের শুরু ভাগে اسم ظرف-এর আলোচনায় অতিবাহিত হয়েছে।

২. يَمَسُّ ঃ এটি কুরআনে কারীমে রয়েছে لَايَمَسُّهُ اِلَّا الْمُطَهَّرُوْنَ

اَمْدِدْ والنهى عنه لَاتُمِدَّ لَاتُمِدِّ لَاتُمِدُّ لَاتُمْدِدْ والظرف منه مُمَدٌّ ـ

تفعل ও تفعيل অবিকল صحيح এর مضاعف এর মত।

جَدَّدَ ـ يُجَدِّدُ ـ تَجْدِيْدًا ـ الخ تَجَدَّدَ يَتَجَدَّدُ تَجَدُّدًا الخ

باب مُفَاعَلَة ঃযেমন-اَلْمُحَاجَّةُ (পরস্পর দলিল পেশ করা)

এই বাবে ৪ নং কায়েদা অনুযায়ী ادغام হয়েছে।

حَاجَّ يُحَاجُّ مُحَاجَّةً فهو مُحَاجٌّ وحُوْجَّ يُحَاجُّ مُحَاجَّةً فهو مُحَاجٌّ الامر منه حَاجَّ حَاجِّ حَاجِجْ والنهى عنه لَاتُحَاجَّ لَاتُحَاجِّ لَاتُحَاجِجْ الظرف منه مُحَاجٌّ

এই বাবের সমস্ত ছীগার تعليل ৪ নং কায়েদা অনুযায়ী হয়েছে।

تفاعل "اَلتَّضَادُّ" (পরস্পর বিরোধী হওয়া)

গরদান --تَضَادَّ ـ يَتَضَادُّ الخ শেষ পর্যন্ত باب مُفَاعَلَه এর মত।

দ্বিতীয় প্রকার

مضاعف ـ مهموز ও معتل এর সমষ্টিতেগঠিত

ছীগাহ সমূহের বর্ণনা প্রসঙ্গে

باب نصر থেকে مضاعف ও مهموز فا যেমন- اَلْاِمَامَةُ (ইমাম হওয়া)

اَمَّ يَؤُمُّ اِمَامَةً فهو اٰمٌّ واُمَّ يُؤَمُّ اِمَامَةً فهو مَأْمُوْمٌ الامر منه اُمَّ اُمِّ اُمُّ اُوْمُمْ والنهى عنه لَاتَؤُمَّ لَاتَؤُمِّ لَاتَأْمُمْ الظرف منه مَأَمٌّ الخ

হামযার মধ্যে مهموز এর কায়েদা আর متجانسين এর মধ্যে مضاعف এর কায়েদা অনুযায়ী আমল করবে। তবে تعارض এর সময় مضاعف এর কায়েদা প্রাধান্য পাবে। যেমন يَؤُمُّ এর মধ্যে رَاْسٌ এর কায়েদা অনুযায়ী আমল করা হয়নি। বরং يَمُدُّ এর কায়েদার উপর আমল করা হয়েছে।

اُوْمُمْ এর ক্ষেত্রে اٰمَنَ এর কায়েদার উপর يَمُدُّ এর কায়েদাকে প্রধান্য দেওয়া হয়েছে। তবে ইদগামের পর همزتين متحركتين এর নিয়ম অনুসারে দ্বিতীয় হামযাটিকে "و" দ্বারা পরিবর্তন করা হয়েছে।

باب سَمِعَ থেকে **مثال ও مضاعف** যেমন- اَلْوُدُّ -(ভালবাসা) وَدَّ

يَوَدُّ وُدًّا فهو وَادٌّ ووُدَّ يُوَدُّ وُدًّا فهو مَوْدُوْدٌ الامر منه وَدَّ وَدِّ اِيْدَدْ والنهي عنه لَاتَوَدَّ لَاتَوَدِّ لَاتَوْدَدْ الظرف منه مَوَدٌّ والالة منه مِوَدٌّ مِوَدَّةٌ ومَوَادِيْدُ

افعل التفضيل منه اَوَدُّ والمؤنث منه وُدّٰى وتثنيتهما اَوَدَّانِ ووُدَّيَانِ والجمع منهما اَوَدُّوْنَ وا اَوَادُّ و وُدَدٌ او وُدَّيَاتٌ

متجانسين - এর ক্ষেত্রে مضاعف এর কায়েদার উপর, আর "و" এর ক্ষেত্রে معتل এর কায়েদার উপর আমল করা হয়। তবে تعارض এর সময় مضاعف এর কায়েদাকে প্রাধান্য দেওয়া হয়। যেমন مَوَدٌّ (الد এর ছীগাহ) معتل এর কায়েদা অনুযায়ী "و" কে "ى" বানানো প্রয়োজন ছিল। কিন্তু এদিকে খেয়াল না করে مضاعف এর কায়েদা অনুযায়ী প্রথম "د" এর হরকত ماقبل এ দিয়ে "د" কে د এর মধ্যে ইদগাম করা হয়েছে।

باب اِفْتِعَال থেকে **مضاعف ও مهموز** যেমন- **اَلْاِيْتِمَامُ** (এক্তেদা/ অনুসরন করা)

اِيْتَمَّ يَأْتَمُّ اِيْتِمَامًا فهو مُؤْتَمٌّ واُوْتُمَّ يُوْتَمُّ اِيْتِمَامًا فهو مُؤْتَمٌّ الامر منه اِيْتَمَّ اِيْتَمِّ اِيْتَمِمْ والنهى عنه لَاتَأْتَمَّ لَاتَأْتَمِّ لَا تَأْتَمِمْ والظرف منه مُؤْتَمٌّ

বিশেষ জ্ঞাতব্য ঃ নুনে সাকিন যদি حروف يرملون এর মধ্যে থেকে কোন একটির পূর্বে পৃথক কালেমায় হয় তাহলে ইদগাম হয়ে যায়। "ر" ও "ل" এর গুন্নাহ ছাড়া আর বাকীগুলোর ক্ষেত্রে গুন্নাহ সহ পড়তে হয়। যেমন

مِن رَّبِّكَ ۔ مِن لَّدُنَّا ۔ صَالِحًا مَّنْ ذَكَرٍ ۔ رَؤُوْفٌ رَّحِيْمٌ

তবে এক কলেমায় হলে ইদগাম হয় না। যেমন -- صِنْوَانٌ دُنْيَا مَنْ يَّرْغَبُ ইত্যাদি।[১]

জ্ঞাতব্য ঃ لام تعريف সর্বদা حروف شمسيه অর্থাৎ ت ث د ذ ر ز س ش ص ض ط ظ ل ن - এর মধ্যে ইদগাম হয়ে যায়। যেমন وَالشَّمْسِ এগুলিকে حروف شمسيه বলে। আর বাকী হরফের মধ্যে ইদগাম হয় না। যেমন وَالْقَمَرِ এ হরফগুলোকে حروف قمريه বলে। (এটি ক্বারী সাহেবদের পরিভাষা)

নামকরণের কারণঃ اَلشَّمْسُ ও اَلْقَمَرُ দুটি শব্দই কুরআন মজিদের আছে। ১মটি এদগামসহ ও ২য়টি এদগামবিহীন সুতরাং যে সকল হরফের মধ্যে এদগাম হয় সেগুলি شَمْسٌ শব্দের সাদৃশ। তাই সেগুলিকে شَمْسِيَّه বলা হয়। আর যে গুলোতে এদগাম হয় না সেগুলো قَمَرٌ শব্দের সাদৃশ্য তাই সেগুলিকে قَمَرِيَّه বলা হয়।

---

১. صِنْوَان ঃ কুরআনে পাকে রয়েছে - "صِنْوَان وغَيْر صِنْوَان" صِنْوَان শব্দটি - صِنْو - এর - جمع - যখন একটি শিকড় থেকে একাধিক খেজুর বৃক্ষ বের হয় তখন প্রত্যেকটিকে আলাদাভাবে صِنْو বলা হয়।

চতুর্থ অধ্যায়

افادات نافعه বা কয়েকটি উপকারী বিষয়

লিখক বলেন, আমার উস্তাদ সাইয়্যেদ মুহাম্মদ সাহেব রহ. এর ইলমে সরফের উপর বিশেষ দক্ষতা ছিল।

তিনি নতুন পদ্ধতিতে কায়েদা বয়ান করে অধিকাংশ شواذ صرفيه বা সরফী ব্যতিক্রম শব্দাবলীর شذوذ বা অনিয়ম দূর করে দিয়েছেন। অর্থাৎ এমনভাবে কায়েদা বয়ান করেছেন, যাতে করে কোন ছীগাহ সম্পর্কে شاذ বলার প্রয়োজন না হয় ও একই কায়েদার আওতায় সব এসে যায়। তাছাড়া অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়গুলি অত্যন্ত সুন্দর ও সুচারুরূপে উল্লেখ করেছেন। ছাত্রদের উপকরার্থে তার কিছু বর্ণনা এখানে উল্লেখ করছি।

(১) اِفَادَہ জ্ঞাতব্য ঃ اِفْعَال ও اِسْتِفْعَال এর মধ্যে কখনও تعليل হয়। যেমন اَقَامَ ۔ اِقَامَةً ۔ اِسْتَقَامَ ۔ اِسْتِقَامَةً আবার কখনও تصحيح হয়। যেমন- اَرْوَحَ ۔ اِرْوَاحًا ۔ اِسْتَصْوَبَ اِسْتِصْوَابًا ইত্যাদি। আর تصحيح অনেক হয়ে থাকে। এক্ষেত্রে সরফীগণ যেহেতু কায়েদাসমূহ পূর্ণ রূপে বয়ান করেন না. তাই তারা অনেক শব্দ কায়েদার আওতাভুক্ত না হওয়ার কারণে شاذ বলে থাকেন।

আমার শ্রদ্ধেয় উস্তাদ রহ. এসব কায়েদা এমনভাবে বয়ান করেছেন যাতে করে شذوذ সম্পূর্ণরূপে দূর হয়ে যায় ও সকল বিশুদ্ধ শব্দ (كلمة صحيحه) কায়েদার সাথে মিশে যায়। আর তা হলো এই যে, প্রত্যেক ঐ "و" ও يائے متحرك যার পূর্বে حرف صحيح সাকিন হয় এবং মাসদারের মধ্যে[১] ঐ "و" অথবা "ى" সাকিন আলিফের সাথে মিলিত হয়ে না আসে সেক্ষেত্রে হরকত স্থানান্তরের কোন শর্ত পাওয়া গেলে এ "و" অথবা "ى" এর হরকত ماقبل কে দিয়ে দিতে হয়। অতপর যদি ঐ হরকতটি যবর হয়, তাহলে "و" এবং "ى" কে আলিফ দ্বারা পরিবর্তন করতে হয়।

এদিকে اِفْعَال ও اِسْتِفْعَال এর মাসদার যেমনিভাবে নিজস্ব দুই ওজনে আসে, তেমনিভাবে اِفْعَلَةٌ ও اِسْتِفْعَلَةٌ এর ওজনেও আসে। اقامة ও استقامة এবং এই দুই বাবের افعال معلله - এর সবকয়টি মাসদার এই ওজনে হয়। আর এই ওজনটি শুধুমাত্র اجوف-এর ক্ষেত্রেই হয়, যেমনিভাবে ثلاثى مجرد এর

---

১. মাসদারের মধ্যে ঃ অর্থাৎ مصدر এর মধ্যে ঐ واو এবং يا، আলিফের সাথে মিলিত অবস্থায় না হয়। এটি এমন একটি শর্ত যেটি অন্যান্য সরফবিদগণ উল্লেখ করেননি। আর মুসান্নেফ রহ. এর উস্তাদ উল্লেখ করেছেন। এই শর্তের মাধ্যমে اروح ও استصوب এর شذوذ দূর হয়ে যায়।

মাসদারের ওজন فُعَلٌ (ফা কালেমাতে পেশ আর আইন কালেমাতে যবর) কেবলমাত্র ناقص[১] এর সাথে খাছ"। غير ناقص এর ক্ষেত্রে হয় না। এবং যেমনিভাবে ناقص এর ওজন فعل এর সাথে খাস নয়, ناقص এর মাসদার অন্য ওজনেও আসে। তবে فعل ওজনটি ناقص এর সাথে খাস, غيرناقص থেকে আসে না, তেমনিভাবে افعال ও استفعال এর اجوف এই দুই ওজনের সাথে খাস নয় বরং اجوف এর মাসদার এই দুই বাব থেকে افعال ও استفعال ওজনেও আসে, যেমনিভাবে এই বাব দুইটির অন্যান্য صيغ صحيحة আসে। তবে افعلة ও استفعلة ওজন দুটি غير اجواف থেকে ব্যবহৃত হয় না।

সুতরাং أَرْوَحَ ও اِسْتَصْوَبَ এবং এরকম মাসদারসমূহ যেগুলো اِفْعَالٌ ও اِسْتِفْعَالٌ এর ওজনে এসেছে সেগুলোতে "و" ও "ى" আলিফের সাথে মিলিত হয়ে এসেছে। তাই পূর্ববর্তী কায়েদা অনুযায়ী সম্পূর্ণ বাবে কোন تعليل করা হয় নাই। আর أَقَامَ-اِسْتَقَامَ ও এরকম মাসদারসমূহ أَفْعِلَةٌ ও اِسْتَفْعَلَة - এর ওজনে হয়েছে অর্থাৎ সেগুলোর মধ্যে "و" ও "ى" আলিফের সাথে মিলে আসে নাই। এই কারণে পুরো বাবে تعليل করা হয়েছে। সুতরাং কোন শব্দ নিয়মের বাইরে রইল না।

প্রশ্ন : تعليل ক্ষেত্রে فعل কে আসল ও মাসদারকে فرع বলা হয়েছে। যেমন-নাকি قَامَ قِيَامًا ও قَاوَمَ قِوَامًا-এর ক্ষেত্রে বলা হয়েছে।

উপরোক্ত বর্ণনা দ্বারা বুঝা গেল এর উল্টো। অর্থাৎ فعل কে মাসদারের تابع বা অনুগামী বানানো হয়েছে।

উত্তর : বাহ্যিক দৃষ্টিতে বিবেচনা করার ফলেই একটি আসল আর অন্যটি فرع মনে হচ্ছে। নতুবা তালীল ও এ জাতীয় নিয়ম-কানুনের মূল উদ্দেশ্য থাকে এই যে, বাবের হুকুম যেন সর্বত্র একই রকম থাকে এবং ছীগাহসমূহের মধ্যে অসঙ্গতি দেখা না দেয়।

অতএব, যদি কোন একটি ছীগাহতে تعليل এর কারণ মজবুত হয়, তাহলে ছীগাহতে تعليل করে দেওয়া হয়। আর যদি কোন একটি ছীগাহতে تصحيح এর কারণ মজবুত থাকে, তাহলে সকল ছীগাহতালীলহীন থাকে। এই দিকে কখনও লক্ষ্য করা হয় না যে, কারণটি আসলের মধ্যে পাওয়া গেল না-কি فرع এর মধ্যে। অর্থাৎ কোনটি আসল আর কোনটি فرع সে দিক বিবেচনা করা হয়

---

১. ناقص - যেমন هُدٰى - يَهْدِىْ - এর মাসদার هُدًى - অর্থ "পথ দেখান। هُدًى মূলতঃ ছিল هُدَىٌ - فُعَلٌ -এর ওজনে।

না। যেমন যবরযুক্ত "ی" ও যেরের মাঝে "و" হওয়া উচ্চারণে কঠিন হওয়ার কারণে "و" বিলুপ্ত করে দিতে হয়। তাই يَعِدُ এর মধ্যে "و" বিলুপ্ত করা হয়েছে। পরে অন্যান্য ছীগাহগুলিতে শুধুমাত্র সাদৃশ্যতা ঠিক রাখার জন্য বিলুপ্ত করা হয়েছে।

অনুরূপভাবে مضارع এর শুরুতে দুইটি অতিরিক্ত হামযা একত্রিত হওয়া জটিলতার সৃষ্টি করে এবং দ্বিতীয় বিলুপ্ত হওয়ার দাবী করে। ফলে أُكْرِمُ (যেটি মূলতঃ أُأَكْرِمُ ছিল) এর মধ্যকার দ্বিতীয় হামযা বিলুপ্ত করা হয়েছে। تُكْرِمُ . يُكْرِمُ ও نُكْرِمُ এর মধ্যে কোন কারণ না পাওয়া সত্ত্বেও কেবলমাত্র সাদৃশ্যতা ঠিক রাখার জন্যে বিলুপ্ত করা হয়েছে এদিকে দৃষ্টি দেওয়া ব্যতীত যে, يَعِدُ আসল আর تَعِدُ ইত্যাদি এর - فرع - অনুরূপভাবে أُكْرِمُ আসল আর تُكْرِمُ ইত্যাদি উহার - فرع - তা না হলে যদি غائب কে আসল বলা হয় তবে أُكْرِمُ কে يُكْرِمُ এর تابع করা ভুল হতো। আর যদি متكلم কে আসল বলা হতো তাহলে نَعِدُ . أَعِدُ ইত্যাদিকে يَعِدُ এর تابع করা অনুচিত হয়ে যেতো।

প্রশ্ন ঃ উপরের বর্ণনা দ্বারা বুঝা গেল মূল কায়েদা কেবলমাত্র يعد এর মধ্যে পাওয়া গিয়েছে। আর تَعِدُ ، أَعِدُ ও نَعِدُ উহার تابع বা অনুগামী। তাহলে কিতাবের শুরুভাগে আপনার এ কথা বলা ভুল ছিল যে, (কায়েদা বয়ান করতে গিয়ে علامت مضارع শব্দ উল্লেখ করা প্রয়োজন। এক্ষেত্রে শুধুমাত্র "ی" এর কথা উল্লেখ করে বাকী ছীগাহগুলোকে এর تابع হিসাবে ধরা অনর্থক দীর্ঘায়িতকরণ ছাড়া কিছুই নয়।) অতএব সেখানে এভাবে বললেন কেন?

উত্তর ঃ কায়েদা লিখার দুইটি ধারা থাকে। একটি ধারা হলো শুধু কায়েদা বর্ণনা করা। আর অপরটি হলো কায়েদার سبب (কারণ) ও نكته (সূক্ষ্মতা) বয়ান করা। কায়েদার বর্ণনা এমন একটি كلى হওয়া চাই যেটি সকল جزء কে শামিল করে নেয়।

আর نكته ও سبب - এর বর্ণনায় এ বিষয়টি স্পষ্ট করা প্রয়োজন যে, কায়েদার علت বা কারণ অমুক ছীগাহতে এই ছিল এবং অন্যান্য ছীগাহসমূহ তার تابع করা হয়েছে।

মূল কায়েদাতে এই সমস্ত বিষয় উল্লেখ করা বিবেকে বিঘ্ন সৃষ্টি করে। অভিজ্ঞ আলেমদের অভ্যাসও এটি। فصول اكبرى . أصول اكبرى ও অন্যান্য উচ্চমানের কিতাবসমূহে এমনটিই দেখা যায়।

فعل ও مصدر এর আসল ও فرع হওয়ার বিস্তারিত বিবরণ অত্র বাবেই আমার উস্তাদ মহোদয়ের বর্ণনা অনুযায়ী আসছে।

(২) افاده- জ্ঞাতব্য ঃ باب فَتَحَ যাহা اَبٰى يَاْبٰى থেকে অথচ এর আইন অথবা লাম কলেমায় حرف حلقى নেই। তাই অন্যান্য লেখক এটিকে شاذ বলেছেন। তাছাড়া আরো কয়েকটি কলেমা যেমন-قَلٰى يَقْلٰى ـ عَضَّ يَعَضُّ ـ بَقٰى يَبْقٰى [১] কোন কোন অভিধান অনুযায়ী এগুলি শর্ত ছাড়াই فتح থেকে ব্যবহৃত হয়েছে।

এই شذوذ দূর করার জন্যে শ্রদ্ধেয় উস্তাদ অত্র কায়েদাকে এভাবে বর্ণনা করেছেন যে, প্রতিটি صحيح শব্দ (كلمه صحيحه) বাবে فتح থেকে আসার জন্য শর্ত হলো তার আইন অথবা লাম কলেমায় حرف حلقى হওয়া। কায়েদার ভিতর "صحيح" শর্তটি বাড়ানোর মাধ্যমে উল্লেখিত শব্দসমূহের شذوذ দূর হয়ে গেল। কেননা ঐগুলির মধ্যে কিছু ناقص আর কিছু مضاعف-

(৩) افاده - জ্ঞাতব্য ঃ كُلْ ـ خُذْ ও مُرْ এর ক্ষেত্রে (যেগুলি মূলতঃ اُؤْخُذْ ـ اُؤْمُرْ ও اُؤْكُلْ ছিল) দুইটি হামযা একত্রে বিলুপ্ত করাকে شاذ বলা হয়েছে।

শ্রদ্ধেয় উস্তাদ মহোদয় এ শব্দগুলির شذوذ এই ভাবেই দূর করেছেন যে, এই ছীগাহসমূহে قلب مكانى হয়েছে। [২] ফলে اُكْؤُلْ ـ اُخْؤُذْ ও اُمْؤُرْ হয়ে গেল। অতপর يَسَلُ এর কায়েদা অনুযায়ী হামযাটিকে বিলুপ্ত করা হয়েছে। তাই همزه وصل এর প্রয়োজন না থাকার কারণে বিলুপ্ত হয়ে গিয়েছে।

প্রশ্ন ঃ يَسَلُ এর কায়েদা তো জায়েয, আর كُلْ ও خُذْ এর ভিতর বিলুপ্ত করা ওয়াজিব। তাহলে কিভাবে মিল হলো?

উত্তর ঃ কায়েদা এভাবে বয়ান করা হয় যে, প্রত্যেক ঐ همزه متحركه যেটি يائے تصغير ও ساكن مده زائده -এর পরে না হয়, সেটির হরকত ماقبل কে দিয়ে হামযা বিলুপ্ত করে দিতে হয়। যদি সাকিনের পরে হামযা হওয়া قلب مكانى এর কারণে হয় অথবা افعال قُلُوْب এর কোন একটি فعل এর মধ্যে হয় তাহলে হামযা বিলুপ্ত করা ওয়াজিব। তা না হলে জায়েয। সুতরাং হামযা বিলুপ্ত হওয়া যেমনিভাবে افعال رؤيت -এর ক্ষেত্রে নিয়মানুযায়ী হয়েছে, তেমনিভাবে এই তিন ছীগাহয় ও নিয়ম অনুযায়ী। আর اسمائے رؤيت এর ক্ষেত্রে বিলুপ্ত না হওয়াট ও নিয়ম অনুযায়ী।

---

১. قَلٰى يَقْلٰى باب ضَرَبَ এটি قَلَى اللَّحْمَ اَوِ السَّوِيْقَ ـ قَلْيًا (ভুনা করা) থেকে। আর عَضَّ (দাঁতকাটা) فَتَحَ ও نصر থেকে। بَقِىَ يَبْقٰى - এটি باب سَمِعَ থেকে। "المغرب ومختار الصحاح"

২. قلب مكانى - হরফের বিন্যাসে আগে পরে করাকে قلب مكانى বলা হয়। এর নির্ধারিত কোন নিয়ম নেই।

এদিকে مُرْ এর মধ্যে হামযাকে স্থানান্তরিত ও না করা উভয়টিই জায়েয। অতএব قلب এর সময় হামযা বিলুপ্ত হওয়া ওয়াজিব। সুতরাং أُمُوْرٌ বলা যাবে না। আর قلب না হওয়ার সময় বিলুপ্ত না হওয়া ওয়াজিব।

আরবী ভাষায় قلب مكانى প্রচুর হয়ে থাকে। কখনও "ফা" কলেমাকে আইন কলেমার স্থানে, আবার কখনও "আইনকে" "ফা" কলেমার স্থানে আনা হয়। যেমন دَارٌ - آدُرٌ এর جمع - أَدْوُرٌ এর মধ্যে যেটি মূলতঃ أَدْوُرٌ ছিল, "وُجُوْهٌ" এর কায়েদা অনুযায়ী "و" হামযা হয়ে গেল। অতঃপর قلب مكانى হয়ে "ফা" কলেমায় পৌছে أَمَنَ এর কায়েদা অনুযায়ী أَعْفُلٌ এর ওজনে آدُرٌ হয়ে গেল।

আবার কখনও আইন কলেমাকে লাম কলেমার স্থানে আনা হয়। যেমন قَوْسٌ এর جمع - قُوُوْسٌ থেকে قِسِيٌّ - "س" "و" এর স্থানে আর "و" "س" এর স্থানে চলে গিয়েছে। ফলে قُسُوٌّ হয়ে গেল। ১৫ নং কায়েদা অনুযায়ী دِلِيٌّ এর মত قِسِيٌّ হয়ে গেল।

আবার কখনও লামকে 'ফা" কলেমার স্থানে ও ফা কালিমাকে আইন কলেমার স্থানে, "আইন" কালেমাকে " লাম" কালেমার স্থানে রাখা হয়। যেমন أَشْيَاءُ মূলতঃ ছিল شَيْئَاءُ যেটি (شَيْئٌ এর বহু বচন) اسم جمع যেমন নাকি نِعْمَةٌ এর اسم جمع হচ্ছে نَعْمَاءُ।[১] আর أَشْيَاءُ শব্দটি أَفْعَال এর ওজনে হয় না। কেননা أَشْيَاءُ শব্দটি غير منصرف আর أَفْعَالٌ এর ওজনে হলে তাতে منع صرف এর কোন سبب পাওয়া যায় না। এ কারণে أَشْيَاءُ শব্দটির মূল فَعْلَاءُ এর ওজনে ধরা হয়েছে। তখন الف ممدوده টি দুই سبب এর قائم مقام বা স্থলাভিষিক্ত। قلب مكانى করার পর أَشْيَاءُ শব্দটি لَفْعَاءُ - এর ওজনে হয়ে গেল।[২]

---

১. اسم جمع- একটি প্রশ্নঃ اسم جمع ঐ اسم কে বলা হয় যেটি একাধিক ব্যক্তি বা বস্তু বুঝায় এবং সেই اسم টির মূলধাতু থেকে واحد এর কোন শব্দ পাওয়া যায় না। যেমন قَوْمٌ . رَهْطٌ ইত্যাদি। এদিকে نَعْمَاءُ ও أَشْيَاءُ এর واحد - شَيْئٌ ও نِعْمَةٌ পাওয়া যায়। এতদসত্ত্বেও মুসান্নেফ রহ. একে اسم جمع বললেন কেন?

উত্তর ঃ এখানে اسم جمع দ্বারা পারিভাষিক اسم جمع উদ্দেশ্য নয়। বরং সাধারণ جمع ই উদ্দেশ্য। اسم শব্দটি এই দিকে ইঙ্গিত করার জন্য অতিরিক্ত করা হয়েছে যে, فعلاء শব্দটি শুধু صفت এর সাথে খাস নয়। বরং اسم ذات এর জন্য ও ব্যবহৃত হয়। মোটকথা اسم শব্দটি صفت এর বিপরীতে এসেছে।

২. افعال ওজনে হয় না ঃ এর দ্বারা আল্লামা সাক্কাকী রহ. এ অভিমত খণ্ডন (رد) করা হল। তার অভিমত এই যে, أَشْيَاء শব্দটিতে قلب হয়নি। এটি নিজস্ব অবস্থায় আছে। অর্থাৎ এটি افعال ওজনে। فَعْلَاء ওজনে হয়েছে বলে ধারণা করে এটিকে غير منصرف পড়া হয়।

সরফীগণ লিখেছেন [১] যে, قلب বা স্থানান্তর যে কলেমায় হয়, সে কালেমার مادہ এর অন্যান্য مشتقات দ্বারা قلب চেনা যায়। যেমন أَدْؤُرٌ এর واحد - دَارٌ এটির আরেকটি جمع - دُوْرٌ ও তার تصغير - دُوَيْرَةٌ থেকে জানা যায় যে, أَدْؤُرٌ এর মধ্যে عين كلمه ফা কলেমার স্থানে চলে গিয়েছে।

অনুরূপভাবে قِسِيٌّ এর ক্ষেত্রে تَقَوُّسٌ ও قَوْسٌ [২] থেকে জানা যায় যে, قِسِيٌّ মূলত : قُوُوسٌ ছিল।

এভাবে قلب এর আরেকটি পরিচয় এই যে, যদি قلب হয়েছে বলে মেনে নেওয়া না হয় তাহলে سبب ছাড়া منع صرف হওয়া লাযেম হয়ে যায়। যেমন- أَشْيَاءُ - এর ক্ষেত্রে।

শ্রদ্ধেয় উস্তাদ মহোদয় বলেছেন, অনুরুপভাবে قلب -এর আরেকটি পরিচয় এই যে, যদি قلب - এর দিকটি ধরে নেওয়া না হয়, তাহলে شذوذ লাযেম আসে। যেমনটি হয়েছে- كُلْ - خُذْ ও مُرْ - এর ক্ষেত্রে। যেমননিভাবে سبب ছাড়া غير منصرف হওয়া খিলাফে কিয়াস ও قلب مكانى - এর দাবীদার , অনুরূপভাবে تحقيق علت ছাড়া تخفيف همزه অথবা اعلال ও খিলাফে কিয়াস এবং قلب مكانى - এর দাবীদার।

(৪) افادة জ্ঞাতব্য : لَمْ يَكُنْ ও إِنْ يَكُنْ-এর ক্ষেত্রে কখনও কখনও নূনকে বিলুপ্ত করে لَمْ يَكُ ও إِنْ يَكُ বলা হয়। এই বিলুপ্তিকরণকে খিলাফে কিয়াস বলা হয়েছে।

জনাব উস্তাদ মহোদয় এর জন্য একটি কায়েদা বর্ণনা করেছেন। তা এই যে, فعل ناقص - এর ছীগাহর শেষে যে নূন হয়, جوازم প্রবেশ করলে সেটিকে বিলুপ্ত করা জায়েয আছে। যদিও সরফের কায়েদা افعال ناقصه এর একটি মাত্র فعل এ সীমাবদ্ধ। তবে قاعده كليه একটি মাত্র فرد এর সীমাবদ্ধ হওয়া দোষনীয় নয়। বরং কোন একটি হুকুমের মধ্যে কিছু جزئيات -এর না আসা অর্থাৎ তাতে হুকুম অনুযায়ী আমল না হওয়া দোষনীয়।

---

১. লিখেছেন যে : এখান থেকে قلب مكانى এর আলামত বর্ণনা করা শুরু হল। قلب مكانى -এর আলামত তিনটি (ক) যে শব্দটিতে পরিবর্তন হয়েছে সেই শব্দটির মূল ধাতুর অন্যান্য ছীগাহয় হরফের তারতীব ঐ শব্দটির তারতীবের চেয়ে ভিন্নতর। (খ) যদি " قلب" মেনে নেওয়া না হয়, তাহলে سبب ছাড়া غير منصرف হওয়া লাযেম আসে। (গ) قلب ধরা না হলে নিয়ম ছাড়া تخفيف همزه অথবা اعلال হওয়া লাযেম আসে।

২. تقوس : এটি باب تفعل এর মাসদার । অর্থ "কামান দাঁড় করা।

এরকম আরো একটি কায়েদা আছে। যেটি কতিপয় অভিজ্ঞ গবেষক يا الله-এর মধ্যে حرف ندا থাকা সত্ত্বেও হামযা সাবেত থাকার ক্ষেত্রে বয়ান করেছেন। আর তা এই যে, প্রত্যেক ঐ الف ও لام যাহা اسماء الهى এর কোন একটি اسم - এর همزه محذوفه - [১] এর স্থলাভিষিক্ত হয়, حرف نداء প্রবেশ করার সময় তার হামযা قطعى বা অকাট্য হয়ে বাকী থাকে। এইقاعده كليه টিও কেবলমাত্র الله শব্দে সীমাবদ্ধ।

৫। জ্ঞাতব্য ঃ যে "ى" হামযা থেকে পরিবর্তন হয়ে আসে, সেটি فاء افتعال - এ হলে ت দ্বারা পরিবর্তন হয় না। যেমন- اِتَّخَذَ তবে اِيْتَكَلَ - اِيْتَمَرَ - এর মধ্যকার "ى" – "ت" দ্বারা পরিবর্তন হয়ে গিয়েছে। এই কারণে এটিকে شاذ বলা হয়েছে।

জনাব উস্তাদ মহোদয় এর شذوذ দূর করার জন্য বলেন, اِتَّخَذَ-এর মধ্যে "ت" আসল হরফের অন্তর্ভুক্ত। এর مجرد হলো اَخَذَ - يَأْخُذُ اِتَّخَذَ يَتَّخِذُ নয়। আর اتخذ ছীগাহটি اخذ অর্থে ব্যবহৃত হওয়া তাফসীরে বায়যাভী থেকে জানা গিয়েছে। সুতরাং اتخذ ছীগাহটি اتبع এর মত, যেটি تبع থেকে গৃহীত ও যেটির "ت" মূল হরফ।

৬। জ্ঞাতব্য ঃ فعل আসল না কি মাসদার আসল, এ নিয়ে বসরাবাসী ও কুফাবাসীদের মধ্যে মতবিরোধ রয়েছে। কুফাবাসীদের মতে فعل আসল। আর বসরাবাসীদের মতে مصدر আসল।

